কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

কর্ম

বর্ষ ৪২ সংখ্যা ৪ কলকাতা বুধবার, ১৮ অগস্ট ২০২১/১ | বাঙালির কর্মজীবনের প্রবেশপথ | ১ ভাদ্র ১৪২৮ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

theguideblogger

# কোল ইন্ডিয়ায় ৫৮৮ ম্যানেজমেন্ট ট্রেনি

৫৮৮ জন ম্যানেজমেন্ট ট্রেনি নেবে কোল ইন্ডিয়া। প্রশিক্ষণ দেওয়া হবে মাইনিং, মেকানিক্যাল এবং ইলেকট্রিক্যাল-সহ ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায়। প্রার্থীকে অবশ্যই গেট-২০২১ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। সফল ভাবে প্রশিক্ষণ শেষে নিয়োগ করা হবে ই-থ্রি গ্রেডে। প্রবেশন ১ বছরের। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 03/2021.

বিষয় অনুসারে শূন্যপদ: পোস্ট কোড ১১: মাইনিং: ২৫৩টি, পোস্ট কোড ১২: ইলেক্ট্রিক্যাল: ১১৭টি, পোস্ট কোড ১৩: মেকানিক্যাল: ১৩৪টি, পোস্ট কোড ১৪: সিভিল: ৫৭টি, পোস্ট কোড ১৫: ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং: ১৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং।

পোস্ট কোড ১৬: জিওলজি: ১২টি। **শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ জিওলজি বা অ্যাপ্লায়েড জিওলজি বা জিওফিজিক্স বা অ্যাপ্লায়েড জিওফিজিক্সে এম এসসি বা এম টেক।

সব ক্ষেত্রেই গেট-২০২১ পরীক্ষায় সংশ্লিষ্ট পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী, আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীরা মোট নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন।

**বয়স:** ৪-৮-২০২১ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রশিক্ষণ চলাকালীন বেতনক্রম: ৫০,০০০-১,৬০,০০০ টাকা। সফল ভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে ই-থ্রি গ্রেডে। তখন বেতনক্রম: ৬০,০০০-১,৮০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে গেট

এরপর দুইয়ের পাতায়

# প্রশিক্ষণ দিয়ে আই ডি বি আই ব্যাঙ্কে ৬৫০ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

প্রশিক্ষণ দিয়ে ৬৫০ জন অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (গ্রেড 'এ') নিয়োগ করবে আই ডি বি আই ব্যাঙ্ক। প্রশিক্ষণ হবে ব্যাঙ্কিং অ্যান্ড ফিনান্সের ১ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে। পড়ানো হবে ব্যাঙ্গালোরে, আই ডি বি আই মণিপাল স্কুল অব ব্যাঙ্কিংয়ে এবং গ্রেটার নয়ডায়, এন আই টি টি ই-তে। পশ্চিমবঙ্গ-সহ পূর্বাঞ্চলের প্রার্থীদের প্রশিক্ষণ হবে এন আই টি টি ই-তে।প্রশিক্ষণের মোট মেয়াদের মধ্যে ৩ মাস আই ডি বি আই ব্যাঙ্কের বিভিন্ন শাখায় ইন্টার্নশিপ করতে হবে। কোর্স সম্পূর্ণ হওয়ার পরে ডিপ্লোমাধারীদের অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার গ্রেড 'এ' পদে নিয়োগ করবে আই ডি বি আই ব্যাঙ্ক। থাকা, খাওয়া, কোর্স ফি-সহ ১ বছরের প্রশিক্ষণের খরচ সাড়ে ৩ লক্ষ টাকা। আই ডি বি আই ব্যাঙ্কের পক্ষ থেকে জানানো হয়েছে, কোর্সটি করার জন্য এই ব্যাঙ্ক থেকে এডুকেশন লোন পাওয়া যাবে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র

এরপর দুয়ের পাতায়

# পাওয়ার গ্রিড কর্পোরেশনে ১৩৭

ফিল্ড ইঞ্জিনিয়ার এবং ফিল্ড সুপারভাইজর পদে ১৩৭ জনকে নেবে পাওয়ার গ্রিড কর্পোরেশন। ২ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে ইলেক্ট্রিক্যাল ও সিভিল শাখায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CC/02/2021.

**শূন্যপদের বিবরণ: পোস্ট আই ডি ১৮৭: ফিল্ড ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)** : ৪৮টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৫টি

এরপর ছয়ের পাতায়

# ইন্ডিয়ান অয়েলে ৪৮০ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ

৪৮০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে দক্ষিণ ভারতের বিভিন্ন রাজ্যে এক বছর থেকে এক বছর তিন মাসের ট্রেনিং দেওয়া হবে ট্রেড অ্যাপ্রেন্টিস ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর IOCL/MKTG/SR/APPR.2021-22 (Phase-I).

রাজ্য ও ক্যাটেগরি অনুসারে আসন— **তামিলনাড়ু ও পুদুচেরি: ট্রেড অ্যাপ্রেন্টিস (আই টি আই):** ৫০টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ৯, ও বি সি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। **ট্রেনিংয়ের মেয়াদ:** এক বছর।

**কর্নাটক: ট্রেড অ্যাপ্রেন্টিস (আই টি আই):** ২১টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **ট্রেনিংয়ের মেয়াদ:** এক বছর।

**কেরল: ট্রেড অ্যাপ্রেন্টিস (আই টি আই):** ১৬টি (সাধারণ ১০, তফসিলি জাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ট্রেনিংয়ের মেয়াদ:** এক বছর।

**অন্ধ্রপ্রদেশ: ট্রেড অ্যাপ্রেন্টিস (আই টি আই):** ৩০টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **ট্রেনিংয়ের মেয়াদ:** এক বছর।

**তেলঙ্গানা: ট্রেড অ্যাপ্রেন্টিস (আই টি আই):** ৩০টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **ট্রেনিংয়ের মেয়াদ:** এক বছর।

**তামিলনাড়ু ও পুদুচেরি: টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ডিপ্লোমা):** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২,

এরপর ছয়ের পাতায়

# ইউনিয়ন ব্যাঙ্কে ২৮৪ স্পেশ্যালিস্ট অফিসার

২৮৪ জন স্পেশ্যালিস্ট অফিসার নেবে ইউনিয়ন ব্যাঙ্ক। নিয়োগ করা হবে ম্যানেজার এবং অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে যথাক্রমে মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-টু এবং জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ওয়ানে। প্রবেশন ২ বছরের।

**শূন্যপদের বিবরণ: পোস্ট কোড ০২: ম্যানেজার-রিস্ক:** ৬০টি। **শিক্ষাগত যোগ্যতা:** ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ বা ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা। অথবা, ম্যাথমেটিক্স বা স্ট্যাটিস্টিক্স বা ইকনমিক্সে স্নাতকোত্তর ডিগ্রি। সব ক্ষেত্রেই অন্তত ৬০ শতাংশ নম্বর থাকতে হবে। অথবা, গ্লোবাল অ্যাসোসিয়েশন অব রিস্ক থেকে ফিনান্সিয়াল রিস্ক ম্যানেজমেন্টে সার্টিফিকেট কোর্স পাশ। অথবা, প্রাইমা ইনস্টিটিউট থেকে প্রফেশনাল রিস্ক ম্যানেজমেন্টে সার্টিফিকেট

এরপর সাতের পাতায়




# এয়ারফোর্সে ১৩৬ গ্রুপ 'সি'

## মাল্টি টাস্কিং স্টাফ, সুপারিন্টেন্ডেন্ট, ট্রেডসম্যান মেট, টেলর, কার্পেন্টার, লোয়ার ডিভিশন ক্লার্ক, কুক

১৩৬ জন গ্রুপ 'সি' কর্মী নেবে ভারতীয় বিমানবাহিনী। মাল্টি টাস্কিং স্টাফ, সুপারিন্টেন্ডেন্ট, লোয়ার ডিভিশন ক্লার্ক, কার্পেন্টার, কুক, টেলর-সহ বিবিধ পদে নিয়োগ করা হবে বিভিন্ন এয়ারফোর্স স্টেশন ও ইউনিটে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 03/2021/DR.

**ইউনিট অনুসারে শূন্যপদ:** বেস রিপেয়ার ডিপো, কানপুর: **মাল্টি টাস্কিং স্টাফ:** ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, 1 Base Repair Depot, Air Force, Chakeri, Kanpur-208008.

বেস রিপেয়ার ডিপো, চণ্ডিগড়: **কার্পেন্টার:** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Base Repair Depot, Air Force Station, Chandigarh-160003.

বেস রিপেয়ার ডিপো, তামিলনাড়ু: **কুক:** ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **মাল্টি টাস্কিং স্টাফ:** ৫টি (সাধারণ ২, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি

এরপর দুইয়ের পাতায়

# স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় স্পেশ্যালিস্ট অফিসার

৫৬ জন স্পেশ্যালিস্ট অফিসার নেবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। নিয়োগ করা হবে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার এবং ডেপুটি ম্যানেজার পদে, যথাক্রমে জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ওয়ান এবং মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-টুয়ে।

**শূন্যপদের বিবরণ: অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার: সিভিল:** ৩৬টি, **ইলেক্ট্রিক্যাল:** ১০টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে সংশ্লিষ্ট কাজে স্নাতকদের ক্ষেত্রে ২ বছর এবং স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ১-৪-২০২১ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩৬,০০০-৬৩,৮৪০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। এ রাজ্যের পরীক্ষাকেন্দ্র শিলিগুড়ি ও কলকাতা।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর CRPD/SCO/ENG/2021-22/13.

এরপর ছয়ের পাতায়



# কর্মক্ষেত্র

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

**কর্মখালি**

### জব গ্যারান্টি

**গঃ ভঃ R L No-6253 প্রাপ্ত Airport ও** ব্যাঙ্কে অষ্টম ও স্নাতক M/F কর্মী নিয়োগ চলছে। বেতন: 17,300/- – 47,500/-. থাকা খাওয়া ফ্রী। M: 62979-47504.

□

### আর্জেন্ট কাজের সুযোগ

**পঃ বঃ প্রতিটি জেলায় Pvt. ব্যাঙ্ক, NC,** MNC, Pvt. Ltd. Co. ATM ও টাওয়ার Co. Pvt স্বাস্থ্যকেন্দ্র অফিসিয়াল ও অন্যান্য পদে M/F নিয়োগ। বেতন: (12,500/- – 23,700/-), M: 78725-38656.

□

### মহিলা ও পুরুষ নিয়োগ

**Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে** 219 জনকে চেকিং, ট্রলিবয়, ইনচার্জ, প্যাকিং-এ, অন্যান্য পদে (৮ম - স্নাতক) নিয়োগ। বেতন: 16K-39K. M. D., কলকাতা, 700 074, 74310 92722, 96745 21804.

□

### মহিলা ও পুরুষ নিয়োগ

**Airport-এ কন্ট্রাক্টরের অধীনে 182** জনকে চেকিং, ট্রলিবয়, ইনচার্জ, প্যাকিং-এ, অন্যান্য পদে (৮ম - স্নাতক) নিয়োগ। বেতন: (16,200/- – 36,700/-), ESI, PF-সহ থাকা, খাওয়া ফ্রী। (M): 96745-57367, 94337-48696. Kol-159, Haldiram, VIP Rd.

□

### On Line ফর্ম ফিলাপ চলছে

**বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে, 5G** Tower-এ (অষ্টম-স্নাতক) M/F কর্মী নিচ্ছে। বেতন: 14,500/- – 48,900/-, PF, ESI, OT-সহ থাকা খাওয়া ফ্রী। M: 97336-68729.

□

**কর্মখালি**

### প্রাইভেট ব্যাঙ্কিং / JIO 4G

**কাস্টমার কেয়ারে (10-6 PM) রাজ্যের** বিভিন্ন জেলায় (MP-MA) অভিজ্ঞ/অনভিজ্ঞ M/F সরাসরি নিয়োগ চলছে। বয়স: (18-35), Sal: 13,500/- – 48,900/- + PF + ESI + মেস। IING, Kol-8, বেহালা: 96742-56755, উঃ/দঃ ২৪ Pgs. 93308-35785.

□

### স্বনির্ভর হোন

**অর্থনৈতিক স্বাধীনতা অর্জন করুন। Retd/** VRS, 35-65, Graduate সত্বর যোগাযোগ করুন। কলকাতার অফিসে। Contact No. 90517-07815.

□

### জেলাভিত্তিক স্থায়ী কাজ

**প্রতিটি জেলায় Pvt স্বাস্থ্যকেন্দ্র, ATM,** টাওয়ার Co, ফ্যাক্টরি, শপিংমলে কর্মী নিয়োগ। বেতন: (12,500/- – 18,500/-), M. J. S, Kol-9, (M): 90514-56985

□

### এক ফোনে চাকরি

**কোনও ডোনেশন ছাড়াই Airport ও** ব্যাঙ্কে M/F অষ্টম-স্নাতক কর্মী চাই। বেতন: 18,300/- – 43,500/-, থাকা খাওয়া ফ্রী। M: 83488-53587.

□

### প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব

**পঃ বাংলায় বিভিন্ন প্রান্তের প্রাঃ ব্যাঙ্ক** DSA-এর জন্য প্রচুর M/F নিয়োগ করানো হচ্ছে। বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে 18-38, এছাড়া অন্যান্য সুযোগ সুবিধা থাকবে। M: 95938-58611.

□

**জনপ্রিয় Agricultural Brand দক্ষিণ** ২৪ পরগনার বারুইপুর-ঘটকপুর অঞ্চলের জন্য বাইক-সহ অভিজ্ঞ Sales Exe. চাইছে। Salary 10-15K + TA, DA, Incentive. M: 99034-10008. Mail: corporate.ccr@gmail.com

### পাঠকের প্রতি

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**

### DISCLAIMER

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

# এয়ারফোর্সে ১৩৬ গ্রুপ 'সি'

## মাল্টি টাস্কিং স্টাফ, সুপারিন্টেন্ডেন্ট, ট্রেডসম্যান মেট, টেলর, কার্পেন্টার, লোয়ার ডিভিশন ক্লার্ক, কুক

*প্রথম পাতার পর*

শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Base Repair Depot, Air Force Station, Sulur, Coimbatore, Tamil Nadu-641401.

বেস রিপেয়ার ডিপো, পুণে: **মাল্টি টাস্কিং স্টাফ**: ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ২, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Base Repair Depot, Air Force, Chandan Nagar, Opp D'Mello Petrol Pump Nagar Road, Pune-411014.

বাণী ক্যাম্প, নয়াদিল্লি: **কুক**: ৪টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Air Force Station, Bani Camp, Najafgarh, New Delhi-110043.

বেস রিপেয়ার ডিপো, দিল্লি ক্যান্টনমেন্ট: **টেলর**: ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, 16, Base Repair Depot, Opposite Sekhon Vihar, Palam, Delhi Cantt-110010.

ইক্যুইপমেন্ট ডিপো, চেন্নাই: **সুপারিন্টেন্ডেন্ট (স্টোর)**: ৯টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **স্টোর কিপার**: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **লোয়ার ডিভিশন ক্লার্ক**: ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **মাল্টি টাস্কিং স্টাফ**: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Equipment Depot, Air Force Station Avadi, Avadi IAF (Post), Chennai-600055.

ইক্যুইপমেন্ট ডিপো, এলাহাবাদ: **সুপারিন্টেন্ডেন্ট (স্টোর)**: ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **কার্পেন্টার**: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **মাল্টি টাস্কিং স্টাফ**: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Equipment Depot, Air Force Station, Manauri, Distt-Allahabad (UP)-212212.

ইক্যুইপমেন্ট ডিপো, নাসিক: **সুপারিন্টেন্ডেন্ট (স্টোর)**: ৭টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **মাল্টি টাস্কিং স্টাফ**: ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Equipment Depot, Air Force Station, Devlali (South)-422501 Distt-Nasik (Maharashtra).

ইক্যুইপমেন্ট ডিপো, ব্যাঙ্গালোর: **সুপারিন্টেন্ডেন্ট (স্টোর)**: ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **মাল্টি টাস্কিং স্টাফ**: ৪টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Equipment Depot, Air Force, Vimanpura Post, Opp HAL Helicopter Division, Bangalore-560017.

এয়ারফোর্স স্টেশন, চকেরি: **সুপারিন্টেন্ডেন্ট (স্টোর)**: ৪টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, Upaskar Depot, Air Force Station Chakeri, Kanpur-208008.

এয়ারফোর্স স্টেশন, হরিয়ানা: **ট্রেডসম্যান মেট**: ৭টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ১)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Stn Cdr, Air Stores Park, Air Force, Air Force Station, Gurgaon, Haryana-122005.

এয়ারফোর্স হসপিটাল, অসম: **মাল্টি টাস্কিং স্টাফ**: ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Hospital, Jorhat, Assam-936810.

হেড কোয়ার্টার ইস্টার্ন এয়ার কম্যান্ড, মেঘালয়: **হাউস কিপিং স্টাফ (সাফাইওয়ালা)**: ৬টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, তফসিলি উপজাতি-দৈহিক প্রতিবন্ধী ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, Headquarter Eastern Air Command (Unit), Air Force, Shillong, Meghalaya-936174.

এয়ারফোর্স স্টেশন, লোহাগাঁও: **মাল্টি টাস্কিং স্টাফ**: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। দরখাস্ত পাঠাবার ঠিকানা: C Adm O, Air Force Station, Lohagaon, Pune (MH)-411032.

**শিক্ষাগত যোগ্যতা**: লোয়ার ডিভিশন ক্লার্ক পদের ক্ষেত্রে উচ্চমাধ্যমিক। সেই সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে মিনিটে ৩০টি শব্দ-টাইপ করার দক্ষতা থাকতে হবে।

কার্পেন্টার পদের ক্ষেত্রে মাধ্যমিক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট থাকতে হবে। প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে কার্পেন্টার রিগার ট্রেডে সার্টিফিকেট থাকতে হবে।

টেলর পদের ক্ষেত্রে মাধ্যমিক পাশ। সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ।

কুক পদের ক্ষেত্রে মাধ্যমিক-সহ কেটারিংয়ে ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

মাল্টি টাস্কিং স্টাফ পদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল। ওয়াচম্যান বা লস্কর বা গার্ডেনার বা জেসটেটনার অপারেটর হিসেবে এক বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

হাউস কিপিং স্টাফ পদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল।

সুপারিন্টেন্ডেন্ট (স্টোর) পদের ক্ষেত্রে স্নাতক বা সমতুল। সেই সঙ্গে স্টোর হ্যান্ডলিং বা অ্যাকাউন্টসের কাজ জানলে অগ্রাধিকার।

স্টোর কিপার পদের ক্ষেত্রে উচ্চমাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে স্টোর হ্যান্ডলিং বা অ্যাকাউন্টসের কাজ জানলে অগ্রাধিকার।

**বয়স**: ৫-৯-২০২১ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং পদ অনুসারে ট্রেড টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় থাকবে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, জেনারেল ইংলিশ, জেনারেল অ্যাওয়্যারনেস।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন। পূরণ করবেন যথাযথ ভাবে।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓চার কপি পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে দু'টি ফটো স্বপ্রত্যয়িত করে দরখাস্ত ও অ্যাকনলেজমেন্ট কার্ডের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। বাকি দু'টি ফটো দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন।
- ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল ।
- ✓নিজের নাম-ঠিকানা লেখা ও ১০ টাকার ডাকটিকিট সাঁটানো একটি খাম।

দরখাস্ত ভরা খামের উপর লিখবেন 'APPLICATION FOR THE POST OF ____ AND CATEGORY ____ AGAINST ADVERTISEMENT NO. 03/2021/DR. শূন্যস্থান যথাযথ ভাবে পূরণ করবেন। ৫ সেপ্টেম্বরের মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে যে-ইউনিটের শূন্যপদে দরখাস্ত করছেন, তার নির্দিষ্ট ঠিকানায়।

# প্রশিক্ষণ দিয়ে আই ডি বি আই ব্যাঙ্কে ৬৫০ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

*প্রথম পাতার পর*

রয়েছে।

মোট আসনসংখ্যার মধ্যে তফসিলি জাতি প্রার্থীদের জন্য ৯৭টি, তফসিলি উপজাতি প্রার্থীদের জন্য ৪৮টি, ও বি সিদের জন্য ১৭৫টি, আর্থিক ভাবে অনগ্রসরদের জন্য ৬৫টি, দৃষ্টি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ৭টি করে এবং অস্থিসংক্রান্ত ও বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য ৬টি করে আসন সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা**: যে-কোনও শাখায় মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ গ্র্যাজুয়েট। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ৫৫ শতাংশ নম্বর থাকলেই চলবে। কম্পিউটার অপারেশনে সাবলীল হতে হবে। মনে রাখবেন, অবশ্যই ১ জুলাইয়ের মধ্যে প্রার্থীকে স্নাতক উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

**বয়স**: ১-৭-২০২১ তারিখে ২১ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা বয়সে ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

কোর্স চলাকালীন প্রথম ৯ মাস ২,৫০০ টাকা করে এবং শেষ ৩ মাস, ইন্টার্নশিপের সময় মাসে ১০,০০০ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। সফল ট্রেনিং শেষে বেতনক্রম: ৩৬,০০০-৬৩,৮৪০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন পরীক্ষার সম্ভাব্য তারিখ ৪ সেপ্টেম্বর। পরীক্ষায় থাকবে লজিক্যাল রিজনিং, ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন (৬০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৪০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৪০ নম্বর) এবং জেনারেল/ইকনমি/ব্যাঙ্কিং অ্যাওয়্যারনেস (৬০ নম্বর) বিষয়ক অবজেক্টিভ টাইপ প্রশ্ন। মোট নম্বর ২০০। সময় ২ ঘণ্টা। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: বৃহত্তর কলকাতা, আসানসোল, দুর্গাপুর, হুগলি, কল্যাণী, শিলিগুড়ি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.idbibank.in. প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ২২ অগস্ট পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। দরখাস্ত করতে বসার আগে পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) এবং হাতে লেখা ডিক্লারেশন (৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে ৫০-১০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে কম্পিউটারে জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে সেভ করে রাখবেন। অনলাইন দরখাস্তে এগুলি আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত করার সময় রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। পরে প্রয়োজন হবে। অনলাইন ফর্ম যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

আবেদনের ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২০০ টাকা)। ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আই এম পি এস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমার পরে সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে।

লিখিত পরীক্ষার জন্য কললেটার ডাউনলোড করে নিতে হবে উপরোক্ত ওয়েবসাইট থেকে।

খুঁটিনাটি তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

# কোল ইন্ডিয়ায় ৫৮৮

*প্রথম পাতার পর*

পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.coalindia.in. দরখাস্তের শেষ তারিখ ৯ সেপ্টেম্বর। দরখাস্তের সময় আপলোড করতে হবে এই সব নথি— ✓প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো। তিন মাসের বেশি পুরনো ফটো চলবে না ✓কালো কালিতে করা প্রার্থীর সই ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার নথিপত্র ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে) ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল ✓আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল ✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ বা সার্ভিস সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

ফটো এবং সই জে পি জি বা জেপেগ এবং নথিপত্রগুলি পি ডি এফ ফর্ম্যাটে স্ক্যান করে আপলোড করতে হবে।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখুন। পরে কাজে লাগবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,১৮০ টাকা (জি এস টি-সহ)। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে যোগাযোগ করতে পারেন এই হেল্পলাইন নম্বরগুলিতে: ০৩৩-৭১১০-৪২৭৬, ০৩৩-৭১১০-৪২৭৩।

# কী পড়বেন, কোথায় পড়বেন

## স্পেশ্যাল এডুকেশনে বি এড

স্পেশ্যাল এডুকেশনে (অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডার) বি এড কোর্সে ভর্তি নিচ্ছে প্রদীপ সেন্টার ফর অটিজম ম্যানেজমেন্ট। কোর্সটি যাদবপুর বিশ্ববিদ্যালয় দ্বারা অনুমোদিত এবং রিহ্যাবিলিটেশন কাউন্সিল অব ইন্ডিয়া কর্তৃক স্বীকৃত। কোর্সের মেয়াদ ২ বছর। কোর্স শুরু হবে সেপ্টেম্বরে।

**আসনসংখ্যা:** ৩০টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ সায়েন্স বা সোশ্যাল সায়েন্স বা হিউম্যানিটিজে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। অথবা মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ সায়েন্স ও ম্যাথমেটিক্সে স্পেশ্যালাইজেশন-সহ বি ই বা বি টেক ডিগ্রি।

আবেদন করতে হবে অনলাইনে। প্রথমে আবেদনের ফি বাবদ ২৫০ টাকা জমা দিতে হবে নির্দিষ্ট ব্যাঙ্ক অ্যাকাউন্টে (Account Holder: Pradip Centre for Autism Management, Bank Name: Punjab & Sind Bank, Branch: VIP Lake Town Branch, A/C No.: 08751000011055, A/C Type: Savings Account, IFSC Code: PSIB0000875). ফি জমা দিয়ে পাওয়া রিসিপ্টটি ই-মেল করতে হবে এই আই ডি-তে: pradiptrainiginst@gmail.com অথবা পাঠাতে হবে এই হোয়াটসঅ্যাপ নম্বরে: ৯৮৩৬৯৭৭৬৫০। এরপর অনলাইনে আবেদন করার একটি লিংক পাঠানো হবে প্রার্থীকে। সেই লিংক থেকে অনলাইন আবেদন করা যাবে। আবেদনের শেষ তারিখ ২৫ অগস্ট।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন এই দুই ওয়েবসাইট: www.jaduniv.edu.in, http://pradipautism.org

## উড অ্যান্ড প্যানেল প্রোডাক্ট টেকনোলজির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স

উড অ্যান্ড প্যানেল প্রোডাক্ট টেকনোলজির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ইন্ডিয়ান প্লাইউড ইন্ডাস্ট্রিজ রিসার্চ অ্যান্ড ট্রেনিং ইনস্টিটিউট। এটি কেন্দ্রের এনভায়রনমেন্ট, ফরেস্ট অ্যান্ড ক্লাইমেট চেঞ্জ মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। কোর্সের মেয়াদ ১ বছর।

**শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স বা কেমিস্ট্রি বা ম্যাথমেটিক্স বা ফরেস্ট্রি বা এগ্রিকালচারে বি এসসি। ইঞ্জিনিয়ারিংয়ের স্নাতকরাও আবেদন করতে পারেন। **বয়স:** ১-১১-২০২১ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। মেধার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.ipirti.gov.in ফি বাবদ ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ৫০০ টাকা। ড্রাফটটি 'Director, IPIRTI'-এর অনুকূলে ব্যাঙ্গালোরে প্রদেয় হতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ২৭ অগস্টের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## নিখরচায় সংখ্যালঘু তরুণ-তরুণীকে স্বনির্ভরতার প্রশিক্ষণ



নেটওয়ার্ক অ্যাসোসিয়েট, অডিও-ভিডিও এবং ওয়েল্ডিং টেকনোলজি-সহ বিভিন্ন বিষয়ে সংখ্যালঘু (বৌদ্ধ, খ্রিস্টান, মুসলিম, জৈন, পারসি ও শিখ) যুবক যুবতীদের প্রশিক্ষণ দেবে এম এস এম ই সেন্ট্রাল টুল রুম অ্যান্ড ট্রেনিং সেন্টার। এগুলি আবাসিক কোর্স। থাকা-খাওয়ার কোনও খরচ লাগবে না।

কোর্সের বিবরণ: (১) সার্টিফিকেট কোর্স ইন মেশিন অপারেশন। কোর্সের মেয়াদ ১ বছর। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। (২) সার্টিফিকেট কোর্স ইন সি এন সি মিলিং। কোর্সের মেয়াদ ৬ মাস। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। (৩) সার্টিফিকেট কোর্স ইন সি এন সি টার্নিং। কোর্সের মেয়াদ ৬ মাস। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। (৪) সিসকো সার্টিফায়েড নেটওয়ার্ক অ্যাসোসিয়েট। কোর্সের মেয়াদ ৪ মাস। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। (৫) সার্টিফিকেট কোর্স ইন রুম এসি ও হোম অ্যাপ্লায়েন্স। কোর্সের মেয়াদ সাড়ে ৪ মাস। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। (৬) সার্টিফিকেট কোর্স ইন অডিও ভিডিও-এভি। কোর্সের মেয়াদ সাড়ে ৩ মাস। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। (৭) সার্টিফিকেট কোর্স ইন হ্যান্ড হেল্ড প্রোডাক্টস। কোর্সের মেয়াদ সাড়ে ৩ মাস। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। (৮) ওয়েল্ডিং টেকনোলজি। কোর্সের মেয়াদ ১ বছর। শিক্ষাগত যোগ্যতা: আই টি আই বা মাধ্যমিক পাশ।

বয়স: ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbmdfc.org আবেদনের শেষ তারিখ ১৫ সেপ্টেম্বর।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৩৩০১-৯৩৩০৪ (সকাল ১০টা থেকে বিকেল ৫টা)।


3 STAR (★★★) RATED ITI
বর্ধমান এ.পি.সি. রায় প্রাইভেট ITI
ভর্তি চলিতেছে
UNDER NCVT GOVT. OF INDIA
AFFILIATED BY DGT & WBSCVT
সার্ভেয়ার | ইলেকট্রিসিয়ান | ফিটার
• PLACEMENT SUPPORT
• STUDENT CREDIT CARD
• STUDENT SCHOLARSHIP
• RAILWAY CONCESSION
9332006808 / 9775727924
www.apcroyiti.com



ইউনিয়ন ব্যাংক অফ ইন্ডিয়া | Union Bank of India

সেন্ট্রাল অফিস। ইউনিয়ন ব্যাংক ভবন 239, বিধান ভবন মার্গ মুম্বাই -400 021

ইউনিয়ন ব্যাংক কর্মনিয়োগ প্রকল্প 2021-22
(বিশেষজ্ঞ আধিকারিক) নিয়োগ-সংক্রান্ত বিজ্ঞপ্তি

বিশেষজ্ঞ বিভাগে নিম্নলিখিত পদগুলিতে নিয়োগের জন্য ইউনিয়ন ব্যাংক অফ ইন্ডিয়া অনলাইন আবেদনের আমন্ত্রণ জানাচ্ছে।

| পদের কোড | পদের | বেতন/ শ্রেণি | শূন্যপদ |
|---|---|---|---|
| 01 | সিনিয়র ম্যানেজার (রিস্ক) | এমএমজিএস-III | 60 |
| 02 | ম্যানেজার (রিস্ক) | এমএমজিএস-II | 60 |
| 03 | ম্যানেজার (সিভিল ইঞ্জিনিয়ার) | এমএমজিএস-II | 7 |
| 04 | ম্যানেজার (আর্কিটেক্ট) | এমএমজিএস-II | 7 |
| 05 | ম্যানেজার (ইলেকট্রিকাল ইঞ্জিনিয়ার) | এমএমজিএস-II | 2 |
| 06 | ম্যানেজার (প্রিন্টিং টেকনোলজিস্ট) | এমএমজিএস-II | 1 |
| 07 | ম্যানেজার (ফোরেক্স) | এমএমজিএস-II | 50 |
| 08 | ম্যানেজার (চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট) | এমএমজিএস-II | 14 |
| 09 | অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (টেকনিকাল অফিসার) | জেএমজিএস-I | 26 |
| 10 | অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ফোরেক্স) | জেএমজিএস-I | 120 |

সময়সূচি:

| | |
|---|---|
| অনলাইন আবেদন জমা দেওয়ার এবং ধার্যমূল্য(ফি)/ অবহিতকরণ মূল্য প্রদানের শুরুর তারিখ। | 12.08.2021, 00:00 ঘন্টা |
| অনলাইন আবেদন জমা দেওয়ার এবং ধার্যমূল্য(ফি)/ অবহিতকরণ মূল্য প্রদানের শেষ তারিখ। | 03.09.2021, 24:00 ঘন্টা |

আগ্রহী প্রার্থীরা সম্পূর্ণ বিজ্ঞপ্তির জন্য এবং আবেদন জমা দেওয়ার জন্য আমাদের ব্যাংকের ওয়েব সাইট 'www.unionbankofindia.co.in' দেখতে পারেন। কর্মনিয়োগের বিজ্ঞপ্তিতে প্রবেশের জন্য অনুগ্রহ করে "Recruitments">"Careers Overview" লিংকটিতে ক্লিক করুন।

তারিখ: 12.08.2021
স্থান: মুম্বাই
চিফ জেনারেল ম্যানেজার (এইচআর)



facebook.com/subhartiuni
www.subharti.org
SWAMI VIVEKANAND SUBHARTI UNIVERSITY Meerut
UGC Approved
Where Education is a Passion...
ACCREDITED WITH GRADE A NAAC
GOOD NEWS
SUBHARTI UNIVERSITY IS NOW LISTED IN WEST BENGAL STUDENT CREDIT CARD SCHEME.

NATUROPATHY & YOGA
• BNYS
Bachelor of Naturopathy & Yogic Sciences
• MD
Naturopathy (Clinical), Yoga (Clinical), Nutrition & Dietetics, Acupuncture & Energy Medicine

HOTEL MANAGEMENT
• B.H.M.C.T.
Bachelor of Hotel Management & Catering Technology
• B.T.T.M.
Bachelor of Travel & Tourism Management
• B.Sc. CA
Bachelor of Science in Culinary Arts
• M.H.M.C.T.
Master of Hotel Management & Catering Technology
• D.F.P.B.
Diploma in Food Production & Bakery
• D.F.B.S.
Diploma in Food and Beverage Service

FINE ARTS & FASHION DESIGN
• DFA - Animation, Painting, Textile, Sculpture & Fashion Designing
• DPA - Classical Dance Kathak, Music - Vocal & Sitar - Instrumental
• BFA - Animation, Painting, Sculptuer, Applied Arts & Fashion Designing
• BPA - Classical Dance Kathak/Music Vocal & Sitar Instrumental/Instrumental Music-Guitar
• B.Sc. - Animation, Interior Design & Textile Design
• B. Design - Bachelor of Design
• M. Design - Master of Design
• MFA - Painting, Sculputer & Applied Arts
• M.Sc. - Animation & Interior Design
• MFD - Master of Fashion Designing
• MPA - Kathak Dance/Music Vocal, Instrumental Music Guitar

ADMISSION OPEN Apply now for session 2021-22 at www.subharti.org
ACADEMIC COLLABORATIONS
Beehive College
RAS BIHARI BOSE SUBHARTI UNIVERSITY
CONTACT FOR ADMISSION
9639841122, 9045954345, 9639011202
Subhartipuram, NH-58, Delhi-Haridwar Bypass Road, Meerut.



The largest and first Self Financed Residential Engineering Institute in West Bengal
26 GOLDEN YEARS
HALDIA INSTITUTE OF TECHNOLOGY
Estd.-1996
An Institution of ICARE
An Autonomous Institute
NAAC Accredited Grade 'A' Institute (3.31/4)
NBA NATIONAL BOARD of ACCREDITATION
nirf NATIONAL INSTITUTIONAL RANKING FRAMEWORK — Ranked 163
Approved by : All India Council for Technical Education (AICTE)
Utech

B.TECH : 13 COURSES | M.TECH : 5 COURSES | MCA, MBA

Placement Activities 2020-21
Excellent Placement Track Record in core sectors as well as IT sectors, Career Counselling, Soft Skill Training, Industrial Training etc.
Training & Placement office in Kolkata & Bangalore
Percentage of Student Placed : 82%
No. of Company Visited : 117
Highest package offered : 40L p.a.
Average package offered : 4.5L p.a.

Patronage from Industries in Campus Drives During 2020-2021
• Infosys • Wipro • Cognizant • TCS • IBM • Capgemini • Hexaware • Labvantage • TCG Global • EY • Accenture • Dabble Lab • Tek Systems • ThoughtClan Technologies • Cloud Kaptan • Tech Mahindra • T-Web Exponent • Kalycito Infotech • Hansa Solutions • FIS Global • ZIFO R&D • Haldia Petrochemical • Jubilant Foodworks • Simplex Infrastructure • Pinnacle Infotech • Bengal Beverages • Pulses Group • Ajanta Shoes • Keventer Agro • AB Polypack • Shyam Metalics • Adani Wilmar • Bengal Tools • HMC Readymix • Tega Industries • Royal Infra Constru • Doctor's Phenyl • GVK • Salagram Power • Varun Beverages • Berger Paints • Johnson Control • Polyplastic Industries • Fresenius Kabi • Topchem Cement and many more

Admission Offered For
■ UG Courses
• Applied Electronics & Instrumentation Engineering (60) • Biotechnology (60) • Chemical Engineering (120) • Civil Engineering (120) • Computer Science & Engineering (180) • Computer Science and Engineering (Artificial Intelligence and Machine Learning) (60) • Computer Science and Engineering (Cyber Security) (60) • Computer Science and Engineering (Data Science) (60) • Electrical Engineering (120) • Electronics & Communication Engineering (180) • Food Technology (60) • Information Technology (120) • Mechanical Engineering (120)
■ M.Tech. Courses
• Biotechnology (9) • Chemical Engineering (9) • Computer Science & Engineering (12) • Electronics & Communication Engineering (12) • Mechanical Engineering (18)
■ Other PG Courses
• Master in Computer Applications (MCA) (60)
• Master in Business Administration (MBA) (60)

Ragging Free Campus : Ragging is punishable offence and it is strictly prohibited as per the laws. Ragging is strictly banned in Haldia Institute of Technology and if anyone found guilty of ragging and/or abetting ragging, is liable to be punished, as per the verdict of Hon'ble Supreme Court.

For Admission Contact:
7477799279, 9434453140, 9434940780, 7477799277
www.hithaldia.in

Salient Features
• Eco Friendly Campus on 37 Acres of Land
• Hostel for boys & girls
• Highly qualified faculty members with Industry & reserch experience
• State-of-the-Art laboratories
• Central Computing Facility
• Campus-wide Wi-Fi Internet facility with 200 Mbps leased line
• Central Library with digital facility & Departmental Library
• Research & Development Wing with National / International collaboration
• Industry-Institute Partnership Cell
• In campus Medical Facility with Ambulance Service
• 24 hrs. power supply
• In-campus bank with ATM facility
• Post Office, Book Store
• Departmental Stores, Beauty Parlour, Restaurant / Cafeteria
• Multigym and Playground etc.
• Sports & Cultural activity and different HIT-Student Chapters -IEEE/ IChE/CSI/ IETE/ISA etc.

Knowledge City, HIT Campus, P.O. HIT, Haldia, Purba Medinipur, Pin-721657, West Bengal, India
Phone : (03224) 252900 / 253061 / 255616 / 255617, Fax : (03224) 252800 / 253062, Email : admin@hithaldia.in

# কারেন্ট অ্যাফেয়ার্স

১৬ জুলাই-২৩ জুলাই

**১৭ জুলাই** আফগানিস্তানে শান্তি ফেরাতে চেয়ে কাতারের দোহায় নতুন করে বৈঠকে বসল আফগান প্রশাসন ও তালিবান জঙ্গি গোষ্ঠী। প্রাক্তন আফগান বিদেশমন্ত্রী আবদুল্লা আবদুল্লা-সহ প্রশাসনের অনেক উচ্চপদস্থ কর্তা বৈঠকে উপস্থিত ছিলেন। সরকারের মুখপাত্র নাজিয়া আনওয়ারি বলেন, আমরা আশা করছি শীঘ্রই সমাধানসূত্র বেরিয়ে আসবে। সমঝোতায় রাজি হয়েছে তালিবানও। তাদের মুখপাত্র মহম্মদ নঈম বলেন, শান্তি ফেরানো নিয়ে তাদের কোনও আপত্তি নেই। তবে দেশে শরিয়ত আইন বলবৎ করার প্রশ্নে এখনও অনড় রয়েছে জঙ্গিরা।

## কোভিড সেরো সার্ভে-তে ইতিবাচক ফল



**২০ জুলাই:** আইসিএমআরের কোভিড সেরো সার্ভেতে ইতিবাচক ফল মিলল। করোনার তৃতীয় ঢেউয়ের আশঙ্কা সত্ত্বেও দেখা গেল জেনে বা না-জেনে সংক্রামিত হওয়ার জেরে প্রায় দুই-তৃতীয়াংশ ভারতীয়ের শরীরেই গড়ে উঠেছে করোনার অ্যান্টিবডি। অর্ধেকের বেশি শিশুরও এখন করোনা অ্যান্টিবডি তৈরি হয়েছে। ইন্ডিয়ান কাউন্সিল অব মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর)-এর চতুর্থ সেরো সার্ভে থেকে এই তথ্য জানা গিয়েছে। দেশের ২১টি রাজ্যের ৭০টি জেলার ৭,২৫২ জন চিকিৎসাকর্মী ও ২৮,৯৭৫ জন সাধারণ মানুষের উপর হওয়া এই সমীক্ষা বলছে, সার্বিক ভাবে দেশের ৬৭.৬% সেরো পজিটিভ। অর্থাৎ শরীরে অ্যান্টিবডির উপস্থিতি রয়েছে।

**কাশ্মীরে সীমান্ত পাহারায় এবার** সেনাবাহিনীর হাতিয়ার হতে চলেছে 'আর্টিফিসিয়াল ইনটেলিজেন্স'। প্রতিরক্ষা মন্ত্রক সূত্রের খবর, অত্যাধুনিক 'আর্টিফিসিয়াল ইনটেলিজেন্স' বা এ আই পদ্ধতিতে সীমান্ত বরাবর বসানো হবে অনুপ্রবেশরোধী সেন্সর। থাকবে ফেসিয়াল ও ভয়েস রেকগনিশন, অপটিক্যাল ফাইবার যুক্ত কম্যান্ড অ্যান্ড কন্ট্রোল পদ্ধতি। নাইটভিশন ক্যামেরা ও রেডারও থাকবে যথাস্থানে। সীমান্তের ওপার থেকে ড্রোন হামলা বা নজরদারির পাক চক্রান্ত ধরা পড়ার পরেই রাতারাতি বড় পদক্ষেপ করার কথা ভাবছে প্রতিরক্ষা মন্ত্রক। 'ইন্টিগ্রেটেড বর্ডার ম্যানেজমেন্ট সিস্টেম' নামের এই ব্যবস্থা গোটা দেশের আন্তর্জাতিক সীমান্তকে সুরক্ষা দেবে বলে দাবি করেছে প্রতিরক্ষা মন্ত্রক।

**১৮ জুলাই** ইজরায়েলি সাইবার নিরাপত্তা সংস্থা এনএসও-র তৈরি 'পেগ্যাসাস' স্পাইওয়ার দিয়ে দেশজুড়ে নেতা-মন্ত্রী থেকে সাংবাদিকদের ফোনে আড়ি পাতার অভিযোগ উঠল। দ্য গার্ডিয়ান, ওয়াশিংটন পোস্ট এবং দ্য ওয়ারের মতো বেশ কয়েকটি দেশি-বিদেশি সংবাদমাধ্যম এই অভিযোগ তুলেছে। সেখানে ফরেন্সিক পরীক্ষা করে বলা হয়েছে ২০১৬ থেকে ২০১৯-এর মধ্যে যাঁদের ফোনে আড়ি পাতা হয়েছে তাঁদের মধ্যে ১৮০ জন সাংবাদিক। এই ১৮০ জনের মধ্যে আবার ৪০ জনই ভারতীয়। সূত্রের খবরে বেশিরভাগ ফরেন্সিক পরীক্ষা বলছে নরেন্দ্র মোদী সরকারের কোনও নীতি, পদক্ষেপ বা দুর্নীতি নিয়ে খবর করার পরেই 'পেগ্যাসাস' স্পাইওয়্যার ঢোকানো হয়েছে তাঁদের ফোনে।

**পশ্চিম ইউরোপে জার্মানি, বেলজিয়াম-**সহ বেশ কয়েকটি দেশে ভয়াবহ বন্যায় মৃতের সংখ্যা ১৮৩ ছাড়িয়ে গেল। নিখোঁজ রয়েছেন বহু মানুষ। জার্মানির বহু গ্রাম ও শহর বন্যায় প্লাবিত হয়েছে। পূর্বাভাস ছাড়াই এই দুর্যোগের পিছনে কারণ হিসেবে পরিবেশ দূষণকে দায়ী করছেন বিজ্ঞানীরা। উল্লেখ্য, ইউরোপীয় ইউনিয়ন কয়েকদিন আগেই ২০৩০-এর মধ্যে গ্রিনহাউস গ্যাস নিঃসরণ ৫৫ শতাংশ কমানোর শপথ নিয়েছে।

**পাঞ্জাবের প্রদেশ কংগ্রেস কমিটির** সভাপতি হিসেবে নভজ্যোৎ সিধুর নামই ঘোষণা করল এআইসিসি। দীর্ঘ টানাপোড়েনের পর হাইকম্যান্ডের হস্তক্ষেপেই সিধুকে রাজ্যের দলীয় সভাপতি হিসেবে মেনে নিতে রাজি হয়েছেন পাঞ্জাবের মুখ্যমন্ত্রী ক্যাপ্টেন অমরিন্দর সিং। এদিন রীতিমতো ঘোষণা করেই সিদ্ধান্তে সিলমোহর দিয়েছে কংগ্রেস। তবে সিধু একা নন, ওয়ার্কিং প্রেসিডেন্ট হিসেবে আরও চার নেতার নাম রয়েছে ঘোষণাপত্রে।

## শ্রীলঙ্কায় একদিনের সিরিজ জিতল ভারত




**২০ জুলাই:** শ্রীলঙ্কায় তিনম্যাচের একদিনের ক্রিকেট সিরিজ ২-০ জিতে নিল ভারত। শিখর ধাওয়ানের নেতৃত্ব আর রাহুল দ্রাবিড়ের প্রশিক্ষণে এল উল্লেখযোগ্য সাফল্য। শ্রীলঙ্কা প্রথমে ব্যাট করে ৫০ ওভারে ৯ উইকেট হারিয়ে ২৭৫ রান তোলে। জবাবে ব্যাট করতে নেমে ১৬০ রানে ৬ উইকেট পড়ে যাওয়ার পরেও সেই ম্যাচ ৩ উইকেটে জিতে নিল ভারত। কলম্বোর প্রেমদাসা স্টেডিয়ামে ৮২ বলে ৬৯ রানের ম্যাচ জেতানো ইনিংস খেললেন দীপক চাহার। অষ্টম উইকেটে ভুবনেশ্বর কুমারকে সঙ্গে নিয়ে ৮৪ বলে ৮৪ রানের পার্টনারশিপ সহজ করে দিল জয়ের পথ।



“জনতার রায়ে গঠিত সরকারের নির্বাচনী বৈধতা থাকলেও সাংবিধানিক প্রতিশ্রুতি মতো তাকে প্রশ্নের মুখোমুখি হতেই হবে। সরকারের যে-কোনও ধরনের একনায়কোচিত, দমনমূলক, জাতি বা ধর্মবিদ্বেষমূলক আচরণের আভাস আদতে সাংবিধানিক ঐতিহ্যকে বিধ্বস্ত করে।”

**ডি ওয়াই চন্দ্রচূড়,** *সুপ্রিম কোর্টের বিচারপতি*
সরকারের যে-কোনও কাজ, ভুল কাজ বা নিষ্ক্রিয়তা সংবিধান সাপেক্ষে বিচার হওয়া উচিত বলে মন্তব্য করে

## প্রয়াত সুরেখা সিক্রি



**১৬ জুলাই:** মঞ্চ, চলচ্চিত্র এবং টেলিভিশনের জনপ্রিয় চরিত্রাভিনেত্রী সুরেখা সিক্রি (৭৬) দীর্ঘ রোগ ভোগের পর প্রয়াত হলেন। সিনেমার পর্দায় অভিনয় শুরু করেন ১৯৭৮ সালে 'কিস্‌সা কুর্সি কা' ছবিতে। 'তমস' (১৯৮৮), 'মাম্মো' (১৯৯৫) এবং 'বধাই হো' (২০১৮) — এই তিনটি ছবির জন্য তিনি জাতীয় পুরস্কার পেয়েছিলেন পার্শ্বচরিত্রে অভিনয়ের সুবাদে। অভিনয় করেছেন অপর্ণা সেনের 'মিস্টার অ্যান্ড মিসেস আয়ার', ঋতুপর্ণ ঘোষের 'রেনকোট', বার্নার্দো বেরতোলুচির 'লিটল বুদ্ধা' ছবিতেও। যদিও শেষ জীবনে পেয়েছেন প্রভূত অর্থকষ্ট। সম্প্রতি এক সাক্ষাৎকারে বলেছিলেন, 'আমার মতো সিনিয়র অভিনেত্রীরা আর একটু সম্মান দাবি করে ইন্ডাস্ট্রির কাছে।'

## অটিজম-সংক্রান্ত গবেষণায় সম্মান বাঙালি বিজ্ঞানীকে



**২৩ জুলাই:** ২০২১-এর এফআরএএক্সএ (FRAXA) রিসার্চ ফাউন্ডেশন গ্লোবাল চ্যাম্পিয়ন পুরস্কার পেলেন- বাঙালি বিজ্ঞানী সুমন্ত্র চট্টোপাধ্যায়। বেঙ্গালুরুর ন্যাশনাল সেন্টার ফর বায়োলজিক্যাল সায়েন্সেস (এনসিবিএস)-এর সিনিয়র প্রফেসর ও সেন্টার ফর ব্রেন ডেভেলপমেন্ট অ্যান্ড রিপেয়ার-এর অধিকর্তা সুমন্ত্রকে অটিজম-সংক্রান্ত ফ্র্যাজাইল এক্স রিসার্চ এবং ফ্র্যাজাইল এক্স কমিউনিটি গবেষণায় তাঁর নিরলস দায়বদ্ধতা এবং অবদানের জন্য তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে। ফ্র্যাজাইল এক্স কমিউনিটি নিয়ে যাঁরা দীর্ঘদিন কাজ করছেন এবং এই বিষয়ে সচেতনতামূলক কাজের নেতৃত্বে যাঁরা বিশ্বে দৃষ্টান্ত স্থাপন করেন তাঁদের জন্য এফআরএএক্সএ রিসার্চ ফাউন্ডেশনের উদ্যোগে এ বছরই প্রথম এই পুরস্কার দেওয়া হল।

**১৯ জুলাই** প্রয়াত সমাজকর্মী স্ট্যান স্বামীর জামিনের আবেদনের মরণোত্তর শুনানি হল বম্বে হাইকোর্টে। আদালতে তাঁকে একজন অসাধারণ মানুষ হিসেবে বর্ণনা করা হয়। আদালত জানায় প্রয়াত জেসুইট যাজকের কাজের প্রতি তাদের 'প্রগাঢ় সম্মান' রয়েছে। বম্বে হাইকোর্টের এই বেঞ্চেই গত ৫ জুলাই অসুস্থতার কারণে স্ট্যান স্বামীর জামিনের আবেদনের শুনানি ছিল। কিন্তু হৃদরোগে মারা যান ৮৪ বছরের সমাজসেবী।

**পুনে এফটিআইআই-এর প্রাক্তনী** পায়েল কাপাডিয়া কান চলচ্চিত্র উৎসবে শ্রেষ্ঠ ডকুমেন্টারির জন্য পুরস্কৃত হলেন। নানা দেশের ২৮টি তথ্যচিত্রকে হারিয়ে শ্রেষ্ঠত্বের শিরোপা জিতে নেয় মুম্বই নিবাসী পায়েলের তথ্যচিত্র 'এ নাইট অব নোয়িং নাথিং'। প্রসঙ্গত, ২০১৫ সালে এফটিআইআই-এর তৎকালীন প্রধান গজেন্দ্র চৌহানের বিরুদ্ধে টানা চার মাস প্রতিবাদ আন্দোলন করার জন্য ক্লাস থেকে ব্যাকট করা হয়েছিল তাঁকে।

**২১ জুলাই** ২০২৪ সালের লোকসভা ভোটে কেন্দ্রে নরেন্দ্র মোদী সরকারকে ক্ষমতাচ্যুত করতে বিজেপি-বিরোধী ফ্রন্ট তৈরির ডাক দিলেন তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর পরবর্তী দিল্লি সফরেই বিজেপি-বিরোধী দলগুলির নেতাদের সঙ্গে বৈঠকের প্রস্তাব দিয়েছেন তৃণমূল নেত্রী। এ দিন দলের শহিদ দিবসের ভার্চুয়াল সভায় ২০২৪-এর নির্বাচনকে মাথায় রেখে বিজেপি-বিরোধী শক্তিগুলিকে একজোট করার ডাক দিয়ে মমতা বলেন, 'আবার খেলা হবে। যত দিন না বিজেপিকে ভারত থেকে তাড়াতে পারছি, তত দিন দেশের বুথে বুথে খেলা হবে।'

**২২ জুলাই** দেশে ধনী, প্রভাবশালীদের জন্য একরকম আইনি ব্যবস্থা আর গরিবদের জন্য অন্যরকম, এটা চলতে পারে না বলে একটি খুনের মামলার প্রেক্ষিতে জানাল সুপ্রিম কোর্ট। দু-বছর আগে কংগ্রেস নেতা দেবেন্দ্র চৌরাশিয়ার খুনে ধৃত মধ্যপ্রদেশের বিএসপি বিধায়কের স্বামীর জামিন খারিজ প্রসঙ্গে বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় ও বিচারপতি এম আর শাহের বক্তব্য, 'ধনীদের জন্য একরকম আর গরিবদের জন্য অন্যরকম, ভারতে সমান্তরাল দুটো আইনি ব্যবস্থা চলতে পারে না। এতে আইনের বিশ্বাসযোগ্যতাই নষ্ট হয়। আইনের শাসন প্রতিষ্ঠিত করার দায়িত্ব রাষ্ট্রযন্ত্রেরও। বিচারব্যবস্থার উপর নাগরিকদের আস্থা ধরে রাখতে গেলে জেলাস্তরের বিচারব্যবস্থার দিকে নজর দিতে হবে।' নিম্ন আদালতের বিচারকরাই সবচেয়ে খারাপ পরিস্থিতির মধ্যে কাজ করেন বলে দাবি করে বিচারপতিদের পরামর্শ সেখানে বদল আনতে পারলেই সকলের আইনি সুরক্ষা বলবৎ হবে।

**কেন্দ্রশাসিত অঞ্চল লাদাখে একটি** কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় গড়া হবে বলে ঘোষণা করলেন কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অনুরাগ ঠাকুর। এ ব্যাপারে খরচ হবে মোট সাড়ে সাতশো কোটি টাকা। মন্ত্রী জানান, দীর্ঘ দিন ধরে লাদাখের মানুষ সেখানে একটি বিশ্ববিদ্যালয় গড়ার দাবি জানিয়ে আসছিলেন। এর ফলে সেখানকার স্থানীয় বাসিন্দাদের উচ্চশিক্ষায় সুবিধা হবে বলে জানান মন্ত্রী।

**চিন দেশ থেকেই করোনা ভাইরাসের** উৎপত্তি— এই তত্ত্ব ঘিরে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)-র দ্বিতীয় দফার তদন্ত প্রস্তাবের আবেদন খারিজ করে দিল চিন। চিনের ন্যাশনাল হেলথ কমিশনের উপ-মন্ত্রী জেং ইক্সিন বলেন, 'এ ধরনের পরিকল্পনা আমাদের কাছে গ্রহণযোগ্য নয়।' তাঁর আরও বক্তব্য, চিনের গবেষণাগারে নিয়ম লঙ্ঘনের জেরেই করোনা ভাইরাস 'লিক' হয়েছে এবং বিশ্বে ছড়িয়ে পড়েছে— হু-র প্রস্তাবিত তদন্ত পরিকল্পনার তালিকায় চিন সম্পর্কে এই অনুমান করায় তাঁরা বিস্মিত।

**২৩ জুলাই** লাগাতার বৃষ্টি ও ভূমিধসে মহারাষ্ট্রে অন্তত ১৩৬ জনের মৃত্যু হল। শুধু রায়গড় জেলাতেই ভূমিধসে মারা গিয়েছেন ৪০ জন। এখনও অন্তত ৮০ জন ধ্বংসস্তূপের নীচে বলে দাবি প্রশাসনের। সাতারা, কোলাপুর ও রত্নগিরি জেলার অবস্থা সবচেয়ে খারাপ। এনডিআরএফের পাশাপাশি রাজ্য জুড়ে উদ্ধার কাজে নেমেছে সেনা ও বায়ুসেনা। মহারাষ্ট্রের ছ'টি জেলায় জারি হয়েছে 'রেড অ্যালার্ট'।

## মহাকাশে আমাজন কর্ণধার




**২০ জুলাই:** মহাকাশে ১১ মিনিট কাটিয়ে এলেন বিশ্বের সবথেকে ধনী ব্যক্তি জেফ বেজোস। নিজের প্রতিষ্ঠান ব্লু অরিজিনের তৈরি মহাকাশযান দ্য নিউ শেপার্ডে চড়ে ছোট ভাই-সহ আরও তিন সঙ্গী নিয়ে মহাকাশে পাড়ি দেন আমাজনের কর্ণধার বেজোস। দলে ছিলেন ৮২ বছর বয়সি মহিলা পাইলট ওয়ালি ফাঙ্ক-ও। সংক্ষিপ্ত এই মহাকাশ ভ্রমণ শেষ করে আবার নিরাপদে পৃথিবীতে ফিরে আসেন তাঁরা। নিউ শেপার্ড তাঁদের পৃথিবী থেকে অন্তত ১০০ কিলোমিটার উঁচুতে কারম্যান লাইনের উপরে নিয়ে যায়। যেখানে তাঁরা ভরশূন্যতা উপভোগ করেন।

## টোকিওয় শুরু অলিম্পিক



**২৩ জুলাই:** অতিমারির আবহে একবছর পিছিয়ে গিয়ে শুরু হল ২০২০ টোকিও অলিম্পিক। কোভিডের জন্য সম্ভাব্য সবরকম সাবধানতা নেওয়া হলেও স্টেডিয়ামের বাইরে উদ্বোধনের সময়েই চলেছে বিক্ষোভ। ফাঁকা গ্যালারি জানান দিয়েছে নিউ নর্ম্যালের। জাপানের সম্রাট নারুহিতো থেকে আইওসি প্রধান টমাস বাখ এবং প্যারেডে থাকা সমস্ত অ্যাথলিটের মুখের মাস্কেও রয়ে গেল অতিমারির চিহ্ন। এই অলিম্পিক অতিমারির অলিম্পিক হিসেবে চিহ্নিত হলেও এই প্রথমবার অলিম্পিকে ইঙ্গিত মিলছে লিঙ্গ বৈষম্য দূর হওয়ার। অংশগ্রহণের নিরিখে পুরুষ ও মহিলা অ্যাথলিটের সংখ্যা প্রায় সমান সমান। আধুনিক অলিম্পিকের ১২৫ বছরের ইতিহাসে এই ঘটনা ঘটতে চলেছে প্রথমবার। পরিসংখ্যান বলছে এবার টোকিয়োয় মহিলা অ্যাথলিট রয়েছেন প্রায় ৪৯ শতাংশ। আগের রিও অলিম্পিকে যা ছিল ৪৫.৬ শতাংশ। ২০১২ লন্ডন অলিম্পিকে ছিল ৪৪.২ শতাংশ।

#EDUCATIONBEYONDORDINARY

30 INSTITUTIONS | 140 PROGRAMMES | 37000+ STUDENTS

JIS GROUP
Educational Initiatives

# STEP OUT INTO THE WORLD With WORLD-CLASS EDUCATION

AVAIL WEST BENGAL
## STUDENT CREDIT CARD SCHEME
*For Details Contact Our Institutes*

# ADMISSIONS -OPEN 2021-

APPLY NOW
www.jisgroup.org

## COURSES OFFERED

**ENGINEERING & TECHNOLOGY**
Ph.D | M.Tech | B.Tech | B.Tech Lateral | Diploma | Diploma Lateral

**COMPUTER APPLICATION**
MCA | BCA

**PHARMACY**
Ph.D | M.Pharm | B.Pharm | B.Pharm Lateral | BMLT | D.Pharm

**MANAGEMENT**
MBA | BBA- Hospital Management | BBA- Digital Marketing

**LAW**
Ph.D | LLM | LLB | BBA-LLB Integrated

**SCIENCE**
Ph.D | M.Sc- Physics | Biochemistry | Microbiology | Biotechnology | Geology | Remote Sensing & GIS | Genetics | Medical Biotechnology & Bioinformatics | Polymer Science & Technology
B.Sc (H)- Biochemistry | Microbiology | Biotechnology | Geology | Genetics

**AGRICULTURAL SCIENCE**
B.Tech (4 Years) | B.Sc (H) (4 Years) [As per ICAR Syllabus]

**HOSPITALITY & HOTEL ADMINISTRATION**
MBA | B.Sc | BA | Diploma

**EDUCATION**
Ph.D | MA | B.Ed

## OUR INSTITUTIONS

**JIS University**
86977 43361/62 | www.jisuniversity.ac.in

**JIS Institute of Advanced Studies & Research**
98743 75544 | www.jisiasr.org

**JIS College of Engineering**
86977 43363 | www.jiscollege.ac.in

**Narula Institute of Technology**
89024 96651 | www.nit.ac.in

**Guru Nanak Institute of Technology**
94320 12681 | www.gnit.ac.in

**Sur Tech** *(Dr. Sudhir Chandra Sur Institute of Technology & Sports Complex)*
890249 6652 | www.surtech.edu.in

**Guru Nanak Institute of Pharmaceutical Science & Technology**
89024 96663 | www.gnipst.ac.in

**JIS School of Polytechnic**
82407 66831 | www.jissp.ac.in

**Guru Nanak Institute of Hotel Management**
98361 06964 | www.gnihm.ac.in

**Greater Kolkata College of Engineering and Management (JV)**
90736 83914/15 | www.gkcem.ac.in

**Abacus Institute of Engineering and Management (JV)**
90736 83913 | www.abacusinstitute.org

**Asansol Engineering College (JV)**
90736 83912 | www.aecwb.edu.in

**Gargi Memorial Institute of Technology, (JV)**
83360 42309 | www.gmitkolkata.org

up to 100%* SCHOLARSHIP AVAILABLE
*T&C Apply

89% Placement in 2020

267+ Recruiters

HELPDESK
86977 43361
90736 83911

7 Sarat Bose Road, Kolkata - 700 020

# ইন্ডিয়ান অয়েলে ৪৮০ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ

*প্রথম পাতার পর*

ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ট্রেনিংয়ের মেয়াদ**: এক বছর।

**কর্নাটক: টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ডিপ্লোমা)**: ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ট্রেনিংয়ের মেয়াদ**: এক বছর।

**কেরল: টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ডিপ্লোমা)**: ৮টি (সাধারণ ৬, ও বি সি ২)। **ট্রেনিংয়ের মেয়াদ**: এক বছর।

**অন্ধ্রপ্রদেশ: টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ডিপ্লোমা)**: ৯টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **ট্রেনিংয়ের মেয়াদ**: এক বছর।

**তেলঙ্গানা: টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ডিপ্লোমা)**: ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **ট্রেনিংয়ের মেয়াদ**: এক বছর।

**তামিলনাড়ু ও পুদুচেরি: ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট)**: ৯৯টি (সাধারণ ৪৬, তফসিলি জাতি ১৮, ও বি সি ২৬, আর্থিক ভাবে অনগ্রসর ৯)। **ট্রেনিংয়ের মেয়াদ**: এক বছর।

**কর্নাটক: ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট)**: ৫৪টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। **ট্রেনিংয়ের মেয়াদ**: এক বছর।

**কেরল: ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট)**: ৩০টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৩, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **ট্রেনিংয়ের মেয়াদ**: এক বছর।

**অন্ধ্রপ্রদেশ: ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট)**: ১৬টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ট্রেনিংয়ের মেয়াদ**: এক বছর।

**তেলঙ্গানা: ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট)**: ১২টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ট্রেনিংয়ের মেয়াদ**: এক বছর।

**তামিলনাড়ু ও পুদুচেরি: ট্রেড অ্যাপ্রেন্টিস-ডেটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার)**: ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ট্রেনিংয়ের মেয়াদ**: ১৫ মাস।

**তামিলনাড়ু ও পুদুচেরি: ট্রেড অ্যাপ্রেন্টিস-ডেটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার্স)**: ৫টি (সাধারণ ৪, ও বি সি ১)। **ট্রেনিংয়ের মেয়াদ**: ১৫ মাস।

**কর্নাটক: ট্রেড অ্যাপ্রেন্টিস-ডেটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার)**: ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। **ট্রেনিংয়ের মেয়াদ**: ১৫ মাস।

**কর্নাটক: ট্রেড অ্যাপ্রেন্টিস-ডেটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার্স)** : ২টি (সাধারণ)। **ট্রেনিংয়ের মেয়াদ**: ১৫ মাস।

**কেরল: ট্রেড অ্যাপ্রেন্টিস-ডেটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার)**: ৩টি (সাধারণ)। **ট্রেনিংয়ের মেয়াদ**: ১৫ মাস।

**কেরল: ট্রেড অ্যাপ্রেন্টিস-ডেটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার্স)**: ২টি (সাধারণ)। **ট্রেনিংয়ের মেয়াদ**: ১৫ মাস।

**অন্ধ্রপ্রদেশ: ট্রেড অ্যাপ্রেন্টিস-ডেটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার)**: ৩টি (সাধারণ)। **ট্রেনিংয়ের মেয়াদ**: ১৫ মাস।

**অন্ধ্রপ্রদেশ: ট্রেড অ্যাপ্রেন্টিস-ডেটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার্স)**: ২টি (সাধারণ)। **ট্রেনিংয়ের মেয়াদ**: ১৫ মাস।

**তেলঙ্গানা: ট্রেড অ্যাপ্রেন্টিস-ডেটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার)**: ৩টি (সাধারণ)। **ট্রেনিংয়ের মেয়াদ**: ১৫ মাস।

**তেলঙ্গানা: ট্রেড অ্যাপ্রেন্টিস-ডেটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার্স)**: ২টি (সাধারণ)। **ট্রেনিংয়ের মেয়াদ**: ১৫ মাস।

**তামিলনাড়ু ও পুদুচেরি: ট্রেড অ্যাপ্রেন্টিস-রিটেল সেলস অ্যাসোসিয়েট (ফ্রেশার)**: ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ট্রেনিংয়ের মেয়াদ**: ১৪ মাস।

**তামিলনাড়ু ও পুদুচেরি: ট্রেড অ্যাপ্রেন্টিস-রিটেল সেলস অ্যাসোসিয়েট (স্কিল সার্টিফিকেট হোল্ডার্স)**: ৫টি (সাধারণ ৪, ও বি সি ১)। **ট্রেনিংয়ের মেয়াদ**: ১৪ মাস।

**কর্নাটক: ট্রেড অ্যাপ্রেন্টিস-রিটেল সেলস অ্যাসোসিয়েট (ফ্রেশার)**: ৪টি (সাধারণ ৩, ও বি সি ১) **ট্রেনিংয়ের মেয়াদ**: ১৪ মাস।

**কর্নাটক: ট্রেড অ্যাপ্রেন্টিস-রিটেল সেলস অ্যাসোসিয়েট (স্কিল সার্টিফিকেট হোল্ডার্স)**: ২টি (সাধারণ)। **ট্রেনিংয়ের মেয়াদ**: ১৪ মাস।

**কেরল: ট্রেড অ্যাপ্রেন্টিস-রিটেল সেলস অ্যাসোসিয়েট (ফ্রেশার)**: ৩টি (সাধারণ)। **ট্রেনিংয়ের মেয়াদ**: ১৪ মাস।

**কেরল: ট্রেড অ্যাপ্রেন্টিস-রিটেল সেলস অ্যাসোসিয়েট (স্কিল সার্টিফিকেট হোল্ডার্স)**: ২টি (সাধারণ)। **ট্রেনিংয়ের মেয়াদ**: ১৪ মাস।

**অন্ধ্র প্রদেশ: ট্রেড অ্যাপ্রেন্টিস-রিটেল সেলস অ্যাসোসিয়েট (ফ্রেশার)**: ৩টি (সাধারণ)। **ট্রেনিংয়ের মেয়াদ**: ১৪ মাস।

**অন্ধ্রপ্রদেশ: ট্রেড অ্যাপ্রেন্টিস-রিটেল সেলস অ্যাসোসিয়েট (স্কিল সার্টিফিকেট হোল্ডার্স)**: ২টি (সাধারণ)। **ট্রেনিংয়ের মেয়াদ**: ১৪ মাস।

**তেলঙ্গানা: ট্রেড অ্যাপ্রেন্টিস-রিটেল সেলস অ্যাসোসিয়েট (ফ্রেশার)**: ৩টি (সাধারণ)। **ট্রেনিংয়ের মেয়াদ**: ১৪ মাস।

**তেলঙ্গানা: ট্রেড অ্যাপ্রেন্টিস-রিটেল সেলস অ্যাসোসিয়েট (স্কিল সার্টিফিকেট হোল্ডার্স)**: ২টি (সাধারণ)। **ট্রেনিংয়ের মেয়াদ**: ১৪ মাস।

মোট আসনসংখ্যার মধ্যে ৫টি করে আসন দৃষ্টি, শ্রবণ ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ৪টি আসন একাধিক প্রতিবন্ধকতাযুক্ত প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা**: ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে মাধ্যমিক। সেই সঙ্গে ফিটার বা ইলেক্ট্রিশিয়ান বা ইলেক্ট্রনিক মেকানিক বা ইনস্ট্রুমেন্ট মেকানিক বা মেশিনিস্ট ট্রেডে ২ বছরের আই টি আই।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে মাধ্যমিক। সেই সঙ্গে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইনস্ট্রুমেন্টেশন বা সিভিল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্সে ৩ বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা।

ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট)-এর ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক।

ট্রেড অ্যাপ্রেন্টিস-ডেটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার)-এর ক্ষেত্রে অন্তত উচ্চমাধ্যমিক পাশ।

ট্রেড অ্যাপ্রেন্টিস-ডেটা এন্ট্রি অপারেটর (স্কিল্ড সার্টিফিকেট হোল্ডার্স)-এর ক্ষেত্রে অন্তত উচ্চমাধ্যমিক পাশ। সেই সঙ্গে ন্যাশনাল স্কিল কোয়ালিফিকেশনস ফ্রেমওয়ার্ক বা কেন্দ্রীয় সরকার অনুমোদিত কোনও প্রতিষ্ঠান থেকে এক বছরের কম মেয়াদের 'ডোমেস্টিক ডেটা এন্ট্রি অপারেটর' সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে।

ট্রেড অ্যাপ্রেন্টিস-রিটেল সেলস অ্যাসোসিয়েট (ফ্রেশার)-এর ক্ষেত্রে অন্তত উচ্চমাধ্যমিক পাশ।

ট্রেড অ্যাপ্রেন্টিস-রিটেল সেলস অ্যাসোসিয়েট (স্কিল্ড সার্টিফিকেট হোল্ডার্স)-এর ক্ষেত্রে অন্তত উচ্চমাধ্যমিক পাশ। সেই সঙ্গে ন্যাশনাল স্কিল কোয়ালিফিকেশনস ফ্রেমওয়ার্ক বা কেন্দ্রীয় সরকার অনুমোদিত কোনও প্রতিষ্ঠান থেকে এক বছরের কম মেয়াদের 'রিটেল ট্রেনি অ্যাসোসিয়েট' সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে।

**বয়স**: ৩০-৬-২০২১ তারিখে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iocl.com. প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। আবেদনের শেষ তারিখ ২৮ অগস্ট।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ই এস আইয়ে ১৫১ ডেপুটি ডিরেক্টর

১৫১ জন ডেপুটি ডিরেক্টর নিয়োগ করা হবে এমপ্লয়িজ স্টেট ইনশিওরেন্স কর্পোরেশনে (ই এস আই সি)। এটি কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকের অধীনস্থ সংস্থা। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। প্রথমে ২ বছরের প্রবেশন। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ৫৫/২০২১।

**শূন্যপদের বিন্যাস: ভ্যাকেন্সি নম্বর ২১০৮৫৫০১৪১৪**: সাধারণ ৬৬, তফসিলি জাতি ২৩, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩৮, আর্থিক ভাবে অনগ্রসর ১৫)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা**: যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে কোনও সরকারি বা স্বশাসিত সংস্থায় অ্যাডমিনিস্ট্রেশন বা অ্যাকাউন্টস বা মার্কেটিং বা পাবলিক রিলেশন বা ইনশিওরেন্স বা রেভেনিউ বা ট্যাক্স সংক্রান্ত কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সাবঅর্ডিনেট অ্যাকাউন্টস সার্ভিসেস বা ইনস্টিটিউট অব কস্টস অ্যান্ড ওয়ার্কস অ্যাকাউন্টস পাশ করে থাকলে অথবা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ ডিগ্রি বা আইনের ডিগ্রি থাকলে অথবা সোশ্যাল ইনশিওরেন্স বা লেবার ল বিষয়ে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**বয়স**: ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছর এবং দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। লিখিত পরীক্ষা হবে দু'টি পার্টে। প্রথম পার্টে ইংলিশ এবং দ্বিতীয় পার্টে জেনারেল এবিলিটি বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং থাকবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in. অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২ সেপ্টেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ২৫ টাকা। এস বি আই নেট ব্যাঙ্কিং বা ভিসা বা মাস্টার ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না।

অনলাইন দরখাস্ত সাবমিট করার পর অ্যাপ্লিকেশন নম্বর পাওয়া যাবে। নম্বরটি টুকে রাখবেন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট নেওয়ার শেষ তারিখ ৩ সেপ্টেম্বর। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্য পাওয়া যাবে এই ওয়েবসাইটে: www.upsc.gov.in. প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: (০১১) ২৩৩৮-৫২৭১, ২৩৩৮-১১২৫, ২৩০৯-৮৫৪৩।

# পাওয়ার গ্রিড কর্পোরেশনে ১৩৭

*প্রথম পাতার পর*

শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**পোস্ট আই ডি ১৮৯: ফিল্ড সুপারভাইজর (ইলেক্ট্রিক্যাল)**: ৫০টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৭টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

শিক্ষাগত যোগ্যতা: নির্দিষ্ট বিষয়গুলির যে-কোনও একটিতে ফিল্ড ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং এবং ফিল্ড সুপারভাইজর পদের ক্ষেত্রে ডিপ্লোমা। নির্দিষ্ট বিষয়গুলি হল: ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল (পাওয়ার) , ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, পাওয়ার সিস্টেমস ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল)।

**পোস্ট আই ডি ১৮৮: ফিল্ড ইঞ্জিনিয়ার (সিভিল)**: ১৭টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**পোস্ট আই ডি ১৯০: ফিল্ড সুপারভাইজর (সিভিল)**: ২২টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

শিক্ষাগত যোগ্যতা: ফিল্ড ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে সিভিল শাখায় বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং এবং ফিল্ড সুপারভাইজর পদের ক্ষেত্রে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

সব ক্ষেত্রেই অন্তত ৫৫ শতাংশ নম্বর (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে পাশ নম্বর) পেয়ে থাকতে হবে এবং সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। পাওয়ার সেক্টরে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

বয়স: ২৭-৮-২০২১ তারিখে ২৯ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: ফিল্ড ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ৩০,০০০-১,২০,০০০ টাকা এবং ফিল্ড সুপারভাইজর পদের ক্ষেত্রে ২৩,০০০-১,০৫,০০০ টাকা।

ফিল্ড ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ইন্টারভিউ এবং ফিল্ড সুপারভাইজর পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। লিখিত পরীক্ষায় থাকবে টেকনিক্যাল নলেজ এবং অ্যাপ্টিটিউড বিষয়ে প্রশ্ন। সময়সীমা ১ ঘণ্টা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.powergrid.in. দরখাস্তের শেষ তারিখ ২৭ অগস্ট। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের সময় ইউজার আই ডি ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি টুকে রাখবেন। দরখাস্তের সময় প্রার্থীর ফটো (৫০ কেবি সাইজের মধ্যে), সই (৩০ কেবি সাইজের মধ্যে), শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র (১০ এম বি সাইজের মধ্যে), জন্ম শংসাপত্র, কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট (প্রতিটি ১ এম বি সাইজের মধ্যে), আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ফিল্ড ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ৪০০ টাকা এবং ফিল্ড সুপারভাইজর পদের ক্ষেত্রে ৩০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। সাবমিট করা দরখাস্তেরও এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাজ্যে মিউনিসিপ্যালিটি অ্যাকাউন্টস ম্যানেজার

মিউনিসিপ্যালিটি অ্যাকাউন্টস ম্যানেজার পদে ১১ জনকে নেবে রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। ন্যাশনাল আর্বান হেলথ মিশন প্রকল্পে চুক্তিতে নিয়োগ হবে। প্রার্থীকে রাজ্যের স্থায়ী বাসিন্দা হতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: SHFWS/2021/232. **শিক্ষাগত যোগ্যতা**: বি কম, সঙ্গে কোনও সংস্থায় সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ট্যালি অ্যাকাউন্টিং এবং এম এস অফিস জানতে হবে। অনার্স-সহ বি কম পাশ, সি এ বা সি এম এ বা সি এস ইন্টার পরীক্ষা পাশ করে থাকলে অগ্রাধিকার। **বয়স**: ১-১-২০২১ তারিখে ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ২৬,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার টেস্ট এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhealth.gov.in প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের শেষ তারিখ ২৬ অগস্ট। ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৮ অগস্ট। দরখাস্ত সাবমিট করার শেষ তারিখ ৩১ অগস্ট। ফি বাবদ দিতে হবে ১০০ টাকা (সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে ৫০ টাকা)।

দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় স্পেশ্যালিস্ট অফিসার

*প্রথম পাতার পর*

**ডেপুটি ম্যানেজার (এগ্রিকালচার)**: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: এম বি এ বা ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিপ্লোমা। উভয় ক্ষেত্রেই রুর‍্যাল ম্যানেজমেন্ট বা এগ্রি-বিজনেসে স্পেশ্যালাইজেশন থাকতে হবে। অথবা রুর‍্যাল ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিপ্লোমা। অথবা এগ্রিকালচারে পোস্ট-গ্র্যাজুয়েট। এম এস অফিসের ব্যবহার জানতে হবে। এর পাশাপাশি কোনও ব্যাঙ্ক বা আর্থিক সংস্থায় সংশ্লিষ্ট কাজে এক্সিকিউটিভ বা সুপারভাইজর পদে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১-৭-২০২১ তারিখে ২৫ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৪৮,১৭০-৬৯,৮১০ টাকা।

প্রাথমিক ভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CRPD/SCO/2021-22/14.

অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: https://bank.sbi/web/careers, https://www.sbi.co.in/web/careers. দরখাস্তের শেষ তারিখ ২ সেপ্টেম্বর। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। দরখাস্তের সময় আপলোড করতে হবে এই সব নথি: ✓প্রার্থীর সংক্ষিপ্ত জীবনপঞ্জি ✓সচিত্র পরিচয়পত্র ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট ✓ ফর্ম-১৬, স্যালারি স্লিপ ইত্যাদি ✓পাসপোর্ট মাপের রঙিন ফটো (সাদা বা হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা, ২০-৫০ কেবি সাইজের মধ্যে) ✓কালো কালিতে করা সই (১০-২০ কেবি সাইজের মধ্যে) ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) ✓আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৭৫০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইটগুলি।

# ইউনিয়ন ব্যাঙ্কে ২৮৪

*প্রথম পাতার পর*

কোর্স পাশ। অথবা, সি এফ এ ইনস্টিটিউটের চার্টার্ড ফিনান্সিয়াল অ্যানালিস্ট কোর্স পাশ। সি এ বা সি এম এ (আই সি ডব্লু এ) বা সি এস-রাও আবেদন করতে পারেন। এর পাশাপাশি কোনও ব্রোকারেজ ফার্ম বা রেটিং এজেন্সি বা আর্থিক সংস্থায় সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। আই আই বি এফ থেকে রিস্ক ইন ফিনান্সিয়াল সার্ভিস সার্টিফিকেট কোর্স, এন আই বি এম থেকে রিস্ক ম্যানেজমেন্টে সার্টিফিকেট কোর্স, এম এস অ্যাক্সেসে সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে অগ্রাধিকার।

**পোস্ট কোড ০৩: ম্যানেজার-সিভিল ইঞ্জিনিয়ার**: ৭টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে বি ই বা বি টেক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**পোস্ট কোড ০৪: ম্যানেজার-আর্কিটেক্ট**: ৭টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ আর্কিটেকচারে স্নাতক, সঙ্গে কাউন্সিল অব আর্কিটেকচারের বৈধ রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অটো-ক্যাড সম্পর্কে জ্ঞান এবং সরকারি নির্দেশিকা বিষয়ে ওয়াকিবহাল থাকতে হবে।

**পোস্ট কোড ০৭: ম্যানেজার-ফোরেক্স**: ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ এম বি এ অথবা পোস্ট গ্র্যাজুয়েট প্রোগ্রাম ইন ম্যানেজমেন্ট পাশ অথবা ম্যানেজমেন্ট বা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা বিজনেস ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা। সব ক্ষেত্রেই ফিনান্স বা ইন্টারন্যাশনাল বিজনেস বা ট্রেড ফিনান্সে স্পেশ্যালাইজেশন থাকতে হবে। এর পাশাপাশি, আই আই বি এফ থেকে ফোরেক্স সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**পোস্ট কোড ০৮: ম্যানেজার-চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট**: ১৪টি। শিক্ষাগত যোগ্যতা: আই সি এ আই স্বীকৃত প্রতিষ্ঠান থেকে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি পাশ। কোনও ক্রেডিট রেটিং এজেন্সি বা এন বি এফ সি বা ব্যাঙ্ক বা আর্থিক সংস্থায় ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ১-৮-২০২১ তারিখে ২৫ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

**পোস্ট কোড ০৯: অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার-টেকনিক্যাল অফিসার**: ২৬টি। শিক্ষাগত যোগ্যতা: এই সব ইঞ্জিনিয়ারিং শাখার যে-কোনও একটিতে ডিগ্রি— সিভিল, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, প্রোডাকশন, মেটালার্জি, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি, টেক্সটাইল, কেমিক্যাল। অথবা বি ফার্মা। সব ক্ষেত্রেই অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**পোস্ট কোড ১০: অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার-ফোরেক্স**: ১২০টি। শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট, সঙ্গে অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ এম বি এ অথবা পোস্ট গ্র্যাজুয়েট প্রোগ্রাম ইন ম্যানেজমেন্ট পাশ অথবা ম্যানেজমেন্ট বা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা বিজনেস ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা। সব ক্ষেত্রেই ফিনান্স বা ইন্টারন্যাশনাল বিজনেস বা ট্রেড ফিনান্সে স্পেশ্যালাইজেশন থাকতে হবে। এর পাশাপাশি, আই আই বি এফ থেকে ফোরেক্স সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে অগ্রাধিকার।

বয়স: ১-৮-২০২১ তারিখে ২০ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম**: ম্যানেজার পদের ক্ষেত্রে ৪৮,১৭০-৬৯,৮১০ টাকা এবং অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে ৩৬,০০০-৬৩,৮৪০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা, গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। ২০০ নম্বরের অনলাইন পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে: রিজনিং, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ইংলিশ ল্যাঙ্গুয়েজ এবং সংশ্লিষ্ট বিষয়। নেগেটিভ মার্কিং আছে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.unionbankofindia.co.in. অনলাইন আবেদনের শেষ তারিখ ৩ সেপ্টেম্বর। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। দরখাস্তের নির্দিষ্ট জায়গায় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (হালকা রং বা সাদা ব্যাকগ্রাউন্ডে তোলা, ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালিতে করা সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে, ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৮৫০ টাকা। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। অনলাইনে ডেবিট কার্ড (মাস্টার/ভিসা/রুপে/মায়েস্ট্রো), ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, ক্যাশ কার্ড, মোবাইল ওয়ালেট বা আই এম পি এস (ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস)-এর মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর প্রাপ্ত ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট এবং অনলাইন দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নেবেন। নিজের কাছে রাখবেন। পরে দরকার হবে। বিশদ তথ্যের জন্য আগ্রহী প্রার্থীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


ACC CONCRETE
The Cement Company requires the Following positions for concrete business at Eastern Region

POSITION :- FIELD SALES EXECUTIVE

Qualification : - MBA (Marketing) or BE- Civil Graduates with 3 to 5 years experience in similar Industries or Building Material Industries.
(Candidate should have own two wheeler with license)

Walk in with your CV on date 19th of August'21 between 10.00 am to 5.30 pm or mail it to shailendra.thakur@acclimited.com.
Candidate who cannot attend interview can call to 9674168721

VENUE : Hotel Pride Plaza Terminus, B.G-12, Action Area, 1-B New Town, Rajarhat, Kolkata - 700 156



Ramakrishna Mission Shilpamandira
Community Training Centre
313 G.T. Road, Belur Math, Howrah - 711202 # Mob : 7685073804

❖ Refrigeration Technician
❖ Motor Mechanic
❖ Industrial Fitter
❖ Electrical Technician

❖ Electrical House Wiring and Motor Re-Winding
❖ Refrigeration & Air Conditioning
❖ Home Appliances Repairing
❖ Solar Pannel Installation Technician
❖ CNC Operator
❖ Machinist
❖ Welding
❖ Smart Phone & TV Repairing
❖ Fitter & Pipe-Fitter
❖ Electric Vehicle Technician
❖ Automobile Mechanic

Skill India · BLUE STAR · ভর্তি চলিতেছে

Only Male · যোগ্যতা - মাধ্যমিক · Age Limit :- 30 Years · www.rkmsctc.org



METRI

MARITIME EDUCATION TRAINING & RESEARCH INSTITUTE
Affiliated to the : Directorate General of Shipping, Ministry of Shipping, Govt. Of India
নৌ পরিবহন মহাপরিচালক, নৌপরিবহন মন্ত্রণালয়, ভারত সরকার কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত

মার্চেন্ট নেভি - ভর্তি বিজ্ঞপ্তি
1. জিপি রেটিং (সীমেন) এবং 2. সিসিএমসি -(কুক এবং জিএস) এর জন্য

শিক্ষাগত যোগ্যতা :
জিপি রেটিং এর জন্য: দশম পরীক্ষায় উত্তীর্ণ। অথবা কোন স্বীকৃত বোর্ড, রাজ্য বা কেন্দ্রীয় বোর্ড এবং এনআইওএস, নয়াদিল্লি থেকে সমতুল্য, একটি বিষয় হিসাবে বিজ্ঞান, গণিত এবং ইংরেজি সহ মোট 40% নম্বর সহ, 10 তম ক্ষেত্রেও ইংরেজিতে 40% নম্বর প্রয়োজন।
CCMC- এর জন্য: দশম শ্রেণী উত্তীর্ণ কোনো স্বীকৃত বোর্ড, রাজ্য বা কেন্দ্রীয় বোর্ড এবং NIOS, নয়াদিল্লি থেকে বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হন, যেকোনো প্রবাহে ন্যূনতম 40% নম্বর সম্বলিত এবং ইংরেজিতে একটি বিষয় হিসাবে, ইংরেজিতেও 40% নম্বর প্রয়োজন দশম শ্রেণীতে
বয়স সীমা: কোর্স শুরুর সময় 17 বছরের 6 মাস এর কম নয় এবং 25 বছরের বেশি নয়।
For SC/ST 30 বছর এবং OBC 28 বছর এবং Graduate বা Diploma এর জন্য 27 বছর
মেডিকেল ফিটনেস: এম এস মেডিক্যাল পরীক্ষা সীফারার্স এর জন্য M.S rule 2000 নিয়ম অনুযায়ী, সময়ে সময়ে সংশোধন করা হয়েছে।
কোর্স ফি :
জিপি রেটিং এর জন্য: 1,80,000/-(এক লাখ আশি হাজার) CCMC- এর জন্য : 1,60,000/- (এক লাখ ষাট হাজার) এর মধ্যে Training fees, খাবার, হোস্টেল, ইউনিফর্ম এবং Basic STCW-2010 কোর্স সহ (যেমন PST, PSSR, EFA, FPFF, STS&DSD)
কোর্সের সময়কাল: 6 (ছয়) মাস আসন প্রতি ব্যাচ: জিপি রেটিং: 90 (Ninty)/CCMC এর জন্য 40/প্রতি ব্যাচ
কোর্স শুরু: ১ লা জানুয়ারি,2022
Selection : ব্যক্তিগত পরীক্ষার ভিত্তিতে, এবং আগে আসুন আগে পাওয়া ভিত্তিতে
Interview date/ পরীক্ষার দিন : প্রত্যেক মঙ্গলবার
ক্যারিয়ারের সুযোগ/Career scope : সফলভাবে কোর্স শেষ করার পর (Board of seafareers of examineers কর্তৃপক্ষ দ্বারা Exit পরীক্ষায় উত্তীর্ণ হন।) প্রার্থী শিপিং মাস্টার, মুম্বাই বা কলকাতার কার্যালয় থেকে CDC/ সিডিসি পাওয়ার অধিকারী হবেন এবং মার্চেন্ট নৌবাহিনীতে যোগদানের যোগ্য হবেন।
Valid documents : কোর্সে যোগদানের আগে প্রার্থীকে অবশ্যই আঞ্চলিক পাসপোর্ট অফিসারের অফিস থেকে পাসপোর্ট যবে প্রাপ্ত করতে হবে.
Prospectus/প্রসপেক্টাস: আমাদের ওয়েবসাইট www.metrikolkata.org থেকে ডাউনলোডের জন্য উপলব্ধ
যোগাযোগ করুন: Maritime Education Training & Research Institute (METRI),আভিসেক পয়েন্ট 4th.ফ্লোর ,কলকাতা -700026 (কালীঘাট মেট্রো স্টেশনের পাশে) ফোন: 033-24667161/62/64
Admission Helpline : 9339838932/9830053096
দ্রষ্টব্য: সারা ভারতে আমাদের কোন শাখা বা কোন অনুমোদিত ব্যক্তি/এজেন্ট নেই এবং এই ইনস্টিটিউট কোন অবাঞ্ছিত/অননুমোদিত ব্যক্তিদের সাথে কোন ধরনের ভর্তি/অর্থ প্রদান/আর্থিক লেনদেনের জন্য দায়ী নয়



mani changeforgood IQ CITY KNOWLEDGE & HEALTH CAMPUS DURGAPUR

mani IQ city Medical College Hospital
IQ CITY MEDICAL COLLEGE HOSPITAL Durgapur

WE ARE HIRING

IQ City Medical College, Durgapur has an 800 bedded multispecialty teaching hospital and is looking for seasoned professionals across all levels, including Head, to strengthen its Marketing team. We are looking for result oriented people from Hospital background having relevant experience in Healthcare marketing across all domains, like Corporate, PSU, TPA, Referrals, Recovery and others.

Interested candidates are requested to kindly mail your updated CV at hrcareers@iqct.in or connect at 74777 92028 / 81700 09565

For any information regarding IQ City Medical College and Hospital, kindly visit our website iqcity.in

IQ City Road, Durgapur-713 206, West Bengal @IQCityHospitalOfficial

# উচ্চমাধ্যমিকের পর পড়তে পারেন বি ভোক

## ব্রডকাস্ট জার্নালিজম • প্রিন্টিং ও বুক পাবলিশিং • পাবলিক রিলেশনস

**তিনটি বি ভোক কোর্সেই মিডিয়া, প্রকাশনা সংস্থা, প্রোডাকশন হাউস, প্রিন্টিং ও প্যাকেজিং, জনসংযোগ এবং ইভেন্ট ম্যানেজমেন্ট জগতের দক্ষ পেশাদাররা ক্লাস নেন। অর্থাৎ সব ক্ষেত্রেই শিল্পমহলের সঙ্গে যোগাযোগ রেখে দক্ষ ও পেশাদার কর্মী গড়ে তোলার উপর নজর থাকে।**

**ডিরোজিও মেমোরিয়াল কলেজের তিনটি বি ভোক কোর্সই ইউ জি সি এবং পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত। মার্কশিট ও সার্টিফিকেট দেয় পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়।**



**নিজস্ব প্রতিনিধি:** যাঁরা প্রথাগত পথে না হেঁটে অন্য ভাবে কেরিয়ার গড়তে চাইছেন, তাঁদের বিকল্প কেরিয়ার গড়ার সুযোগ করে দিয়েছে ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন (ইউ জি সি) অনুমোদিত বি ভোক কোর্স। ন্যাশনাল স্কিল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক (এন এস কিউ এফ)-এর মাপকাঠি অনুসরণ করে দেশ জুড়ে এই ডিগ্রি কোর্স চালু হয়েছে।

ভারত সরকার ২০১৪ সালের জুলাইয়ে বি ভোক কোর্সকে স্নাতকের সমতুল মর্যাদা দেয়। অর্থাৎ গুরুত্বের দিক থেকে এই কোর্স বি এ, বি এসসি, বি কম-এর সমান। এই কোর্সে কারিগরি ও শিল্পসহায়ক বিভিন্ন নতুন বিষয় নিয়ে স্নাতকস্তরে হাতে-কলমে কর্মমুখী পড়াশোনা করা যায়। বি ভোক পাঠ্যক্রমের মূল লক্ষ্য হল ব্যবহারিক শিক্ষা ও দক্ষ কারিগরি যোগ্যতা অর্জনের মাধ্যমে ছাত্রছাত্রীদের বিভিন্ন শিল্পক্ষেত্রে চাকরির উপযোগী করে গড়ে তোলা।

### কোথায় পড়বেন

পশ্চিমবঙ্গে যেসব কলেজ বা বিশ্ববিদ্যালয়ে বি ভোক ডিগ্রি কোর্স পড়ার সুযোগ রয়েছে, সেগুলির মধ্যে কলকাতার কাছে রাজারহাটের ডিরোজিও মেমোরিয়াল কলেজ অন্যতম। এই শিক্ষা-প্রতিষ্ঠানটিতে ২০১৫ থেকে চালু হয়েছে বি ভোক ডিগ্রি কোর্সের পড়াশোনা। শুরুতে পড়ানো হত ব্রডকাস্ট জার্নালিজম এবং প্রিন্টিং অ্যান্ড বুক পাবলিশিং। এই দু'টি কোর্সের পাঠ্যক্রমের কার্যকারিতা ও কর্মসংস্থানের পরিসংখ্যান পর্যালোচনা করে ইউ জি সি ডিরোজিও কলেজকে ২০১৮ সালে আরও একটি বি ভোক কোর্স পরিচালনার ছাড়পত্র দেয়। সেটি হল জনসংযোগ বা পাবলিক রিলেশনস।

এই কোর্সগুলির কর্মমুখী ও শিল্প-সহায়ক পাঠ্যক্রম তৈরি করতে বিভিন্ন পেশাদারি সংস্থার সাহায্য নেওয়া হয়েছে। ক্যালকাটা জার্নালিস্টস ক্লাব, ট্রান্সওয়ার্ল্ড ফিচার্স, ইন্ডিয়া ব্লুমস নিউজ সার্ভিস, আই ড্রিমজ ওয়েবস, আর ভি সি প্রোডাকশন হাউস, রূপালি প্রকাশনীর মতো সংস্থার সঙ্গে কলেজের মউ স্বাক্ষরিত হয়েছে। ক্যানন, নিকন বা সোনির মতো বহুজাতিক বাণিজ্যিক সংস্থাগুলিও স্কিল ট্রেনিং পার্টনার হিসেবে কলেজের সঙ্গে যৌথ ভাবে ওয়ার্কশপ এবং সেমিনার সংগঠিত করে থাকে।

### কারা পড়বেন

যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় পাশ, এমনকী ভোকেশনাল কোর্সে উচ্চমাধ্যমিক উত্তীর্ণ ছাত্রছাত্রীরা এই কোর্সে ভর্তি হতে পারেন। বয়সের কোনও বিধিনিষেধ নেই। যাঁরা কোনও কারণে উচ্চশিক্ষা গ্রহণের সুযোগ পাননি বা যাঁরা কর্মরত, তাঁরাও বি ভোক কোর্সে ভর্তি হয়ে একই সঙ্গে উচ্চশিক্ষা ও কর্মমুখী দক্ষতা বৃদ্ধির সুযোগ নিতে পারেন। প্রতিটি কোর্সে আসনসংখ্যা ৫০। আবেদনের ভিত্তিতে, প্রয়োজনীয়তা যাচাই করে বিভিন্ন সরকারি ও বেসরকারি স্কলারশিপ প্রদানের ব্যবস্থা রয়েছে।

### কী পড়বেন

তিন বছর মেয়াদের বি ভোক কোর্সের পাঠ্যক্রম চয়েস বেসড ক্রেডিট সিস্টেম (সি বি সি এস) পদ্ধতি অনুসারে ৬ মাসের ৬টি সেমিস্টারে বিভক্ত। ছাত্রছাত্রীরা প্রতিটি সেমিস্টারে পছন্দমতো বিষয় নির্বাচনের সুযোগ পান। প্রত্যেক সেমিস্টারে স্কিল কম্পোনেন্ট ও জেনারেল কম্পোনেন্টের উপর যথাক্রমে ১৮ ক্রেডিট ও ১২ ক্রেডিট-এর পরীক্ষা নেওয়া হয়।

এই কোর্সগুলিতে হাতে-কলমে কাজের উপর বেশি জোর দেওয়া হয়েছে। তিনটি বি ভোক কোর্সেই মিডিয়া, প্রকাশনা সংস্থা, প্রোডাকশন হাউস, প্রিন্টিং ও প্যাকেজিং, জনসংযোগ এবং ইভেন্ট ম্যানেজমেন্ট জগতের দক্ষ পেশাদাররা ক্লাস নেন। অর্থাৎ সব ক্ষেত্রেই শিল্পমহলের সঙ্গে যোগাযোগ রেখে দক্ষ ও পেশাদার কর্মী গড়ে তোলার উপর নজর থাকে।

ডিরোজিও মেমোরিয়াল কলেজের তিনটি বি ভোক কোর্সই ইউ জি সি এবং পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত। মার্কশিট ও সার্টিফিকেট দেয় পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়। গতবছর বি ভোক উত্তীর্ণ প্রার্থীরা আলিয়া বিশ্ববিদ্যালয়ে সাংবাদিকতা এম এ-তে ভর্তির সুযোগ পেয়েছে। এছাড়া এই কোর্সে যারা ভর্তি হবে, তারা সমস্ত সরকারি ও বেসরকারি স্কলারশিপের সুযোগ-সুবিধা পাবে। এমনকি এবছর থেকে চালু হওয়া স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমেও তারা বি ভোক কোর্স পড়ার সুযোগ পাবে। কোর্স শেষে কলেজ থেকে ইন্টার্নশিপেরও বন্দোবস্ত করা হয়।

ডিরোজিও কলেজে যে-তিনটি বি ভোক কোর্স পড়ানো হয় সেগুলি হল—

### বি ভোক ইন ব্রডকাস্ট জার্নালিজম

ব্রডকাস্ট মিডিয়া, ফিল্ম, রেডিও-টিভি-নিউজ পোর্টালে সাংবাদিকতা, অডিও ভিশুয়াল বিজ্ঞাপন তৈরি, ক্যামেরা হ্যান্ডলিং, ভিডিও এডিটর প্রভৃতি ক্ষেত্রে যাঁরা কেরিয়ার গড়ে তুলতে চান, তাঁরা এই তিন বছরের ডিগ্রি কোর্সে ভর্তি হতে পারেন। এই সব বিষয়ে হাতে-কলমে প্রশিক্ষণের জন্য কলেজেই বিশেষ পরিকাঠামো গড়ে তোলা হয়েছে। রয়েছে উন্নত মানের ব্রডকাস্ট স্টুডিও ফ্লোর, ফটোশুটের জন্য ফ্লোর, বিভিন্ন ফর্ম্যাটের ব্রডকাস্ট ও মুভি ক্যামেরা, বিভিন্ন লেন্স, ড্রোন ক্যামেরা, প্রোডাকশন কন্ট্রোল রুম, ডাবিং স্টুডিও, ওয়েব স্ট্রিমিংয়ের সুবিধা, অ্যাঙ্কারিংয়ের জন্য টেলিপ্রম্পটার ইত্যাদি।

সাংবাদিকতার ধারণা ও পাঠ দেওয়ার পাশাপাশি এই কোর্সে হাতে-কলমে শেখানো হয় ক্যামেরা হ্যান্ডলিং, ডিজিটাল এডিটিং, পোস্ট প্রোডাকশন, সাউন্ড এডিটিং, ভি এফ এক্স বা স্পেশ্যাল এফেক্টস ইত্যাদি। এছাড়াও অডিও ভিশুয়াল মিডিয়ার জন্য খবর তৈরি করা, তথ্যচিত্র বানানো, নিউজ পোর্টালের খবর তৈরি ও পোস্ট করা এবং ওয়েব ডেস্কে কাজের খুঁটিনাটি এই কোর্সের পাঠ্যক্রমের অন্তর্ভুক্ত।

হাতে-কলমে শিক্ষার অঙ্গ হিসেবে ছাত্রছাত্রীদের বিজ্ঞাপন, কর্পোরেট ফিল্ম, শর্ট ফিল্ম, মিউজিক ভিডিও, স্বল্পদৈর্ঘ্যের তথ্যচিত্র বানাতে হয়। ছাত্রছাত্রীদের কাজের কিছু নমুনা দেখতে পারেন ডিরোজিও মেমোরিয়াল কলেজের নিজস্ব ইউটিউব চ্যানেলে। কোর্স চলাকালীন ফিল্ডওয়ার্ক করানো হয়, কোর্সের শেষে ইন্টার্নশিপ ও প্লেসমেন্টের সুযোগ রয়েছে।

### বি ভোক ইন প্রিন্টিং অ্যান্ড বুক পাবলিশিং

প্রিন্টিং টেকনোলজি ও বুক পাবলিশিং বিষয়ে ভোকেশনাল ডিগ্রি কোর্স এ রাজ্যে এবং দেশে সরকারি স্তরে একমাত্র ডিরোজিও কলেজে পড়ানো হয়। আমাদের দেশে প্রিন্টিং টেকনোলজির উন্নতি ঘটলেও প্রয়োজন অনুযায়ী দক্ষ কর্মীর অভাব রয়েছে। এই চাহিদার কথা মাথায় রেখেই এই কোর্সে শেখানো হয় গ্রাফিক্স কমিউনিকেশন, বুক প্রিন্টিং ও প্রোডাকশন পদ্ধতি, মার্কেটিং, এডিটিং, প্রুফ চেকিং, কালার রি-প্রোডাকশন, আর্টিস্টিক ম্যানেজমেন্ট, ডিজিটাল প্রি-প্রেস, টাইপোগ্রাফি, কভার ডিজাইনিং, বিভিন্ন মুদ্রণ পদ্ধতি ইত্যাদি। প্রিন্টিং টেকনোলজি নিয়ে যাঁরা ডিপ্লোমা কোর্স পাশ করেছেন, তাঁরাও এই কোর্সে ভর্তি হয়ে স্নাতক হতে পারেন। বয়সের কোনও উর্ধ্বসীমা নেই বলে মুদ্রণ জগতে কর্মরত অনেক মানুষও এই কোর্সটিতে প্রতি বছর ভর্তি হন।



### বি ভোক ইন পাবলিক রিলেশনস

সরকারি স্তরে জনসংযোগ ও ইভেন্ট ম্যানেজমেন্ট নিয়ে তিন বছরের স্নাতক কোর্স গোটা দেশে একমাত্র পড়ানো হয় ডিরোজিও কলেজে। মিডিয়া রিসার্চ, মার্কেট সার্ভে, ইভেন্ট প্ল্যানিং ও ম্যানেজমেন্ট— এই কোর্সের মূল তিনটি দিক। পাঠ্যসূচির অন্তর্ভুক্ত বিষয়গুলির মধ্যে রয়েছে— মিডিয়া রাইটিং, রিপোর্টিং, এডিটিং, কনটেন্ট রাইটিং, বিজ্ঞাপনের কপি তৈরি, ইভেন্ট মার্কেটিং, ইভেন্ট ম্যানেজমেন্ট, ইভেন্ট প্ল্যানিং, ক্রাইসিস কমিউনিকেশন, মিডিয়া ইকনমিক্স, জনসংযোগ, অ্যাড ক্যাম্পেন, কর্পোরেট জনসংযোগ ইত্যাদি। এছাড়াও হাতে-কলমে শেখানো হয় ডিজিটাল ফটোগ্রাফি, তথ্যচিত্র নির্মাণ, কর্পোরেট ফিল্ম তৈরি, ভি এফ এক্স, অ্যানিমেশন, ওয়েব ডিজাইন, ডিজিটাল কপি এডিটিং, বিভিন্ন মাধ্যমের উপযোগী বিজ্ঞাপন তৈরি করার কৌশল, প্রেস রিলিজ রাইটিং।

### অতিমারির দিনকালে ক্লাস

অতিমারির প্রেক্ষিতে যতদিন কলেজ না খুলছে, অনলাইন থিওরিটিক্যাল ও প্র্যাক্টিক্যাল ক্লাস করানো হবে। প্র্যাক্টিক্যালের ক্ষেত্রে যাবতীয় কাজ কলেজের শিক্ষকরা হাতে-কলমে করে তার ভিডিও প্রত্যেক ছাত্রছাত্রীকে পাঠিয়ে দেন। একই ভাবে ছাত্রছাত্রীরাও তাঁদের কাজ মোবাইলের মাধ্যমে ভিডিও করে শিক্ষকদের কাছে পাঠিয়ে দেন দেখার জন্য।

### কীভাবে ভর্তি

এখন তিনটি কোর্সেই ভর্তি হওয়া যাচ্ছে। অনলাইনে ভর্তি হতে দেখুন এই দুই ওয়েবসাইটের যে-কোনওটি: www.dmc.ac.in অথবা dmcadmission.co.in. অতিমারি ও আমফান পরবর্তী সামগ্রিক আর্থিক পরিস্থিতির কথা ভেবে এবার ভর্তির খরচ ৩০ শতাংশ কমানো হয়েছে। ভর্তির সময় তিন মাসের টিউশন ফি-সহ দিতে হবে ৪,৫২০ টাকা।

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট। এছাড়াও কোর্স সম্পর্কে যে-কোনও তথ্য জানতে ও ভর্তি সংক্রান্ত সমস্যায় সপ্তাহের যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: ৯৮৩০৫-৫১৭৭৪, ৭৯৮০৭-৫৭৯০৩।

### কাজের সুযোগ

ডিরোজিও কলেজে পড়ানো তিনটি বি ভোক কোর্সেরই শেষে ইন্টার্নশিপ ও প্লেসমেন্টের সুযোগ রয়েছে। বি ভোক ডিগ্রি কোর্স পাশ করে ডিরোজিও মেমোরিয়াল কলেজের ছাত্রছাত্রীরা চাকরি করছেন দূরদর্শন, জি ২৪ ঘণ্টা, ইটিভি নিউজ, বাংলা টাইমস, আর প্লাস নিউজ চ্যানেল, হাই নিউজ, সুরিন্দর ফিল্মস, আনন্দবাজার পত্রিকা ও টাইমস অব ইন্ডিয়ার মুদ্রণ বিভাগ, হুগলি প্রিন্টিং ওয়ার্কস, সরকারি বিভিন্ন টাকশাল-সহ আরও নানা সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে। অনেকে এম এস এম ই-র অধীনে স্বাধীন ছোট ব্যবসা করেও স্বনির্ভর হয়েছেন।

## স্কলারশিপের খোঁজখবর

### কোটাক কন্যা স্কলারশিপ ২০২১

ইঞ্জিনিয়ারিং, আর্কিটেকচার, মেডিসিন, ডিজাইনিং, স্পেশ্যালাইজড কমার্স, ফিনান্স, ল কম্পিউটারের স্নাতক কোর্স, সি এ বা সি এস বা সি ডব্লু এ বা সি এফ এ পড়তে আগ্রহী এবং আর্থিকভাবে অনগ্রসর ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে কোটাক এডুকেশন ফাউন্ডেশন। প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় হতে হবে তিন লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** মোট অন্তত ৭৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ এবং উপরোক্ত যে-কোনও কোর্সে ভর্তি হয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** বার্ষিক সর্বাধিক ১ লাখ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/KKGS1 আবেদনের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর

### আই ডি এফ সি ফার্স্ট ব্যাঙ্ক এম বি এ স্কলারশিপ প্রোগ্রাম ২০২১-২৩

দেশের কিছু নির্দিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানে এম বি এ পড়তে আগ্রহী এবং আর্থিকভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে আই ডি এফ সি ব্যাঙ্ক। প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় হতে হবে ছয় লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** নির্দিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানে এম বি এ কোর্সে ভর্তি হয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** প্রতি বছর ১ লাখ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/IFBMS2 আবেদনের শেষ তারিখ ২ সেপ্টেম্বর।

### কোভিড ক্রাইসিস (জ্যোতিপ্রকাশ) সাপোর্ট স্কলারশিপ প্রোগ্রাম ২০২১

কোভিড পরিস্থিতির কারণে পড়াশোনা চালিয়ে যেতে অক্ষম ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে বাডিফরস্টাডি ইন্ডিয়া ফাউন্ডেশন। প্রথম শ্রেণি থেকে স্নাতক কোর্সে পাঠরতরা আবেদন করতে পারেন।

**আবেদনের যোগ্যতা:** ২০২০-র জানুয়ারির পর থেকে কোভিডের কারণে পিতা বা মাতা বা পরিবারের উপার্জনকারী সদস্যের মৃত্যু অথবা কাজ হারানোর ফলে পড়াশোনা চালিয়ে যেতে অক্ষম ছাত্রছাত্রীরা আবেদনের যোগ্য।

**স্কলারশিপের পরিমাণ:** প্রতি বছরে সর্বাধিক ৩০,০০০ টাকা।

অফলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/CCSP1 আবেদন করা যাবে ৩১ অগস্ট পর্যন্ত।

*(তথ্য সহায়তা:* buddy4study*)*

# আই সি এ আর রিসার্চ ইনস্টিটিউটে

## অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার, ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস অফিসার

৬৫ জন অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার এবং ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস অফিসার নেবে আই সি এ আর রিসার্চ ইনস্টিটিউট। এটি কেন্দ্রের কৃষি এবং কৃষককল্যাণ মন্ত্রকের এগ্রিকালচারাল রিসার্চ অ্যান্ড এডুকেশন দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। প্রার্থী বাছাই করবে এগ্রিকালচারাল সায়েন্টিস্টস রিক্রুটমেন্ট বোর্ড। পরীক্ষা ১০ অক্টোবর। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে।

**শূন্যপদের বিন্যাস: অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার:** ৪৪টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ২, ও বি সি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে কম্পিউটার-জ্ঞান থাকতে হবে।

**ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস অফিসার:** ২১টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ২, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে কম্পিউটার-জ্ঞান থাকতে হবে। স্নাতকোত্তর স্তরে ফিনান্স বা অ্যাকাউন্টিং বা কমার্সে স্পেশ্যালাইজেশন থাকলে অথবা সি এ বা আই সি ডব্লু এ বা সি এস কোর্স পাশ করে থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ২৩-৮-২০২১ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতনক্রম:** ১৫,৬০০-৩৯,১০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৫,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রথম পর্যায়ের লিখিত পরীক্ষার পরীক্ষাকেন্দ্র বারাকপুর বা কলকাতা এবং দ্বিতীয় পর্যায়ের লিখিত পরীক্ষার পরীক্ষাকেন্দ্র কলকাতা। প্রথম পর্যায়ে জেনারেল নলেজ, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবিলিটি, এরিথমেটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি এবং ল্যাঙ্গুয়েজ কমপ্রিহেনশন বিষয়ে অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে। প্রতিটি বিষয়ে ৫০টি করে প্রশ্ন হবে। মোট নম্বর ২০০। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। দ্বিতীয় পর্যায়ে চারটি পেপার থাকবে। প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ ধরনের। প্রতিটি পেপার ১৫০ নম্বরের (ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস অফিসার পদের ক্ষেত্রে তৃতীয় পত্র ১০০ নম্বর, চতুর্থ পত্র ২০০ নম্বরের) এবং সময়সীমা ৩ ঘণ্টা করে। প্রথম পত্রে থাকবে জেনারেল অ্যাওয়্যারনেস অব ডেভেলপমেন্ট অব ইকনমিক, সোশ্যাল, সায়েন্টিফিক অ্যান্ড কালচারাল ফিল্ডস, হিস্ট্রি অ্যান্ড জিওগ্রাফি অব ইন্ডিয়া অ্যান্ড দ্য ওয়ার্ল্ড। দ্বিতীয় পত্রে থাকবে কনস্টিটিউশন অব ইন্ডিয়া, পলিটি, গভর্ন্যান্স, সোশ্যাল জাস্টিস। তৃতীয় পত্রে থাকবে ৭৫ নম্বর করে দু'টি (ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস অফিসার পদের ক্ষেত্রে ১০০ নম্বরের একটি) এসে রাইটিং। চতুর্থ পত্রে থাকবে এথিক্স, ইন্টিগ্রিটি, অ্যাপ্টিটিউড (ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস অফিসার পদের ক্ষেত্রে কমার্স অ্যান্ড বিজনেস ইকনমিক্স) বিষয়ে প্রশ্ন। সব শেষে ১০০ নম্বরের ইন্টারভিউ।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.asrb.org.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৩ অগস্ট। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (জে পি জি ফর্ম্যাটে ১৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালির সই (জে পি জি ফর্ম্যাটে ৮০ কেবি সাইজের মধ্যে) এবং বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ (জে পি জি ফর্ম্যাটে ৮০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (দু'টি পদের ক্ষেত্রে ১,০০০ টাকা)। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


মাধ্যমিক, উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য বিশেষ সুযোগ

**স্বল্প ব্যয়ে সরকারি যোজনায় স্বাস্থ্য পরিষেবায় চাকরিমুখী ট্রেনিং**

কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন অনুমোদিত স্বাস্থ্য পরিষেবা বা প্যারামেডিক্সের বিশেষ চাকরিমুখী কোর্সের ট্রেনিং দিচ্ছে এক্সেল মেডিস্কিল হেল্থ কেয়ার ইনস্টিটিউট। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য : (১) এমার্জেন্সি মেডিক্যাল টেকনিশিয়ান, (২) বেসিক হেল্থ কেয়ার, (৩) ই.সি.জি টেকনিশিয়ান, (৪) ANM নার্সিং কোর্স। আজ থেকে আবেদনপত্র দেওয়া ও কাউন্সেলিং শুরু হয়েছে। বয়স হতে হবে ১৮-৪৫ বছরের মধ্যে। আধার কার্ড থাকা বাধ্যতামূলক। বিস্তারিত জানতে ফোন করুন কলকাতা ও জেলার সেন্টারগুলিতে। সোদপুর : 9073943491/9073943497/9051024448, মৌলালী : 9874747039/9830008223, বাঘাযতীন : 9874644112, হাওড়া : 9051013504, ব্যারাকপুর : 9874644116, দুর্গাপুর : 9874747030, পশ্চিম মেদিনীপুর : 9073915861, মালদা : 9051013501, রায়গঞ্জ : 9874644113, বালুরঘাট : 9874747032, শিলিগুড়ি : 9051013502, জলপাইগুড়ি : 9874644115, কোচবিহার : 9874644114। কোর্স শেষে কাজের সহায়তা করা হবে। আসন সংখ্যা সীমিত। কোর্স ফি সকলের সাধ্যের মধ্যে। ANM নার্সিং কোর্সের আবেদনপত্র পাওয়া যাচ্ছে। বিস্তারিত জানার জন্য এখুনি ফোন করুন।



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

শেষ মুহূর্তের মহড়া

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*পরীক্ষা ২২ অগস্ট*

1. 'Brethren' is the plural form of"
(a) Bother (b) Brether (c) Brother (d) Brothers
2. I see a baby. The baby is crying [Join using participle]
(a) I cry a baby (b) I see a baby cry (c) I see a crying baby (d) I see a baby
3. Point out the verb form of 'local':
(a) Locally (b) Locality (c) Located (d) Localize
4. Sheep is a common noun but mutton is a ___ noun.
(a) Proper (b) Material (c) Collective (d) Abstract
5. Stand up [Pick out the sentence type]
(a) Assertive (b) Optative (c) Imperative (d) Exclamatory
6. Point out the correct noun form of 'Manual'
(a) Manal (b) Menus (c) Manus (d) Manu
7. Point out the female Alexander.
(a) Lady Alexander (b) Alexanders (c) Alexandrina (d) None
8. You are advised to lay ____ some money for future use.
(a) with (b) inot (c) by (d) for
9. Which letter is silent in the word 'Foreigner'
(a) r (b) o (c) g (d) n
10. I know him. [Change the voice]
(a) He has known to me (b) He is known to me (c) He is known by me (d) He has been known by me
11. 'Thou' is the old biblical form of:
(a) He (b) we (c) I (d) You
12. 'I will arise and go there'. [Identify the sentence]
(a) Single (b) Simple (c) Compound (d) Complex
13. One who eats too much is called:
(a) Greedy (b) Varacious (c) Glutton (d) Omnivorous
14. This cloth is superrior than that. [Correct the error]
(a) This is the best cloth (b) This is superior cloth (c) This cloth is superior to that (d) The cloth is superior
15. Find the demonstrative pronoun:
(a) Each (b) Thou (c) What (d) That
16. I have been doing this for six days. [Mention the tense]
(a) Present Perfect (b) Present Continuous (c) Present Indefinite (d) Present Perfect Continuous
17. Honey tastes sweet. [What kind of voice]
(a) quasi- Passive (b) Passive (c) Active (d) No voice
18. He told to me to go [correct the error]
(a) He told me to go (b) He told and go (c) He told to go (d) No error
19. Find out the weak verb:
(a) see (b) help (c) drive (d) fly
20. 'Heifer' is the female of:
(a) Buck (b) Bullock (c) Bull (d) Dog
21. They were received warmly. [replace with Idiom]
(a) with smile (b) with open heart (c) with open arms (d) with open hands
22. 'Yelp' is the sound of:
(a) Hogs (b) swans (c) Foxes (d) Pigs
23. Give the antonyms of 'Truculent'.
(a) Wild (b) Transcent (c) Savage (d) Belligerant
24. Give the sound of the animal 'Lambs'.
(a) Bleat (b) Howl (c) Caw (d) Growl
25. He slept a good sleep. [What type of object]
(a) Direce object (b) Indirect object (c) Cognate object (d) Double object
26. ঔরঙ্গজেব প্রথম রাজ্যাভিষেক কত সালে করেছিলেন?
(a) 1656 (b) 1657 (c) 1658 (d) 1659
27. ফাত্‌ওয়া-ই-আলম বইটা কে লিখেছিলেন?
(a) ঔরঙ্গজেব (b) শাহজাহান (c) ফিরোজ শাহ তুঘলক (d) গিয়াসউদ্দিন তুঘলক
28. আমিরুল মিল্লাদ উপাধি কে ধারণ করেছিলেন?
(a) মামুদ (b) আরাম শাহ (c) ফিরোজশাহ খলজি (d) আলাউদ্দিন খলজি
29. Alap-tegin কোন বংশের শাসক ছিল?
(a) আলিগা (b) আলবন্দেশ (c) খানবাদেশ (d) কোনওটিই নয়
30. নিম্নলিখিতদের মধ্যে কার জ্যোতিশাস্ত্র ও দর্শনশাস্ত্রের ওপর যথেষ্ট জ্ঞান ছিল?
(a) আল বিরুনি (b) ফিরদৌসী (c) আব্দুল রহিম খানে খানা (d) আমির খসরু
31. বর্নিয়ার কোন রাজার দরবারে এসেছিলেন?
(a) আকবর (b) ঔরঙ্গজেব (c) জাহাঙ্গির (d) শাহজাহান
32. দেওয়ান-ই-খাস কে বানায়?
(a) আকবর (b) শাহজাহান (c) জাহাঙ্গির (d) বাবর
33. কোন শাসক আহোম জাতির সঙ্গে লড়াই করে মৃত্যুবরণ করে?
(a) শিবাজি (b) মিরজুমলা (c) শায়েস্তা খাঁ (d) মহম্মদ বিন কাশিম
34. জিতল কয়েন কোন রাজা চালু করেছিলেন?
(a) বলবন (b) রাজিয়া সুলতানা (c) ইলতুৎমিস (d) মহম্মদ বিন তুঘলক
35. বায়ুপুরাণ থেকে কোন রাজার কাহিনি জানা যায়?
(a) কুনাল (b) অশোক (c) চন্দ্রগুপ্ত মৌর্য (d) বিম্বিসার
36. মহরু কোন রাজার মেয়ে ছিল?
(a) আলতাফ খাঁ (b) বাঘেলি (c) জালালউদ্দিন (d) রামচরণ দেব
37. গৌতম বুদ্ধের পালিত মায়ের নাম কী?
(a) গোপা (b) বীমা (c) প্রজাপতি গৌতমি (d) যশোদা
38. গৌতম বুদ্ধ দীক্ষা নেওয়ার আগে তার প্রথম শিক্ষকের নাম কী ছিল?
(a) শোধন (b) চন্দ্রিকা দেব (c) রুদ্রকা রম্পতত্ব (d) আল্লাহর কালাম
39. দ্বিতীয় চন্দ্রগুপ্ত সম্পর্কে জানা যায় কোন লিপি থেকে?
(a) মেহেরুল লিপি (b) পশুপতি লিপি (c) এলাহাবাদ লিপি (d) কোনওটিই নয়
40. তরাইনের প্রথম যুদ্ধে পৃথ্বীরাজ চৌহানের গভর্নর কে ছিল?
(a) শামসুদ্দিন (b) বাহাদুর দাস (c) জালাল খান (d) গোবিন্দ রাজ তোমার
41. মহম্মদ ঘোরি কাকে আজমিরের গভর্নর হিসেবে পাঠায়?
(a) রামচন্দ্র (b) ইয়ালদোজ (c) নাসিরুদ্দিন কুবাচা (d) কুতুবউদ্দিন আইবক
42. তরাইনের দ্বিতীয় যুদ্ধে পৃথ্বীরাজ চৌহান যে ঘোড়ার ওপর চেপে যুদ্ধ করেছিল তার নাম কী?
(a) সঙ্গীতা (b) নাট্যরম্ভা (c) নায়িকা দেবী (d) ইনছনি
43. সমানন্দ বংশের লোকেরা কোন জাতির অন্তর্ভুক্ত ছিল?
(a) ইরানি (b) খলিফা (c) খানাবাদেশ (d) আফগানি
44. কাশ্মীরকে পূর্বের ওমর হুমের কে বলেছে?
(a) ফিরদৌসী (b) উদ্বি (c) আল বিরুনি (d) মহম্মদ বিন কাশিম
45. মহম্মদ ঘোরি কত সালে পাঞ্জাব আক্রমণ করেন?
(a) 1175 (b) 1178 (c) 1181 (d) 1186
46. হাতিম কার ছদ্মনাম ছিল?
(a) মহম্মদ ঘোরি (b) কুতুবউদ্দিন আইবক (c) মহম্মদ বিন কাশিম (d) বলবন
47. তুরকান-ই-চালগান কে চালু করেছিল?
(a) আরাম শাহ (b) ইলতুৎমিস (c) মহম্মদ ঘোরি (d) গিয়াসউদ্দিন তুঘলক
48. আরব কয়েন ভারতে প্রথম কোন রাজা চালু করেছিল?
(a) ইলতুৎমিস (b) রাজিয়া সুলতানা (c) মহম্মদ বিন তুঘলক (d) মহম্মদ ঘোরি
49. কুরা পোশাক পরে দিল্লির সুলতানি বংশের মধ্যে কে দরবারে প্রবেশ করত?
(a) আলতুনিয়া (b) বাহরাম শাহ (c) রাজিয়া সুলতানা (d) গিয়াসউদ্দিন বলবন
50. বদ্রুদ্দিন নামে কোন রাজা পরিচিত?
(a) আকবর (b) মিরজাফর (c) সিরাজউদ্দৌলা (d) গাজি তুঘলক
51. বক্সারের যুদ্ধ মিরকাশিমের সঙ্গে কার হয়েছিল?
(a) অ্যান্টর মুনরো (b) লর্ড ক্লাইভ (c) লর্ড ওয়েলেসলি (d) লর্ড কর্নওয়ালিশ
52. বক্সারের যুদ্ধের খরচা 50 লক্ষ টাকা, এই টাকা রবার্ট ক্লাইভ কার কাছে দাবি করেছিল?
(a) শাহ আলম দ্বিতীয় (b) মিরকাশিম (c) সিরাজউদ্দৌলা (d) সুজাউদ্দিন
53. হান্টার কমিশন ব্রিটিশ সরকার কত সালে ভারতে নিযুক্ত করে?
(a) 1835 (b) 1854 (b) 1882 (d) 1883
54. সাবসিডিয়ারি এলায়েন্স মারাঠারা কত সালে গ্রহণ করে?
(a) 1798 (b) 1799 (c) 1801 (d) 1802
55. গান্ধীজি কোন ঘটনায় মর্মাহত হয়ে 5 দিন উপবাস করেছিলেন?
(a) চম্পারন সত্যাগ্রহ (b) ভারত ছাড়ো (c) চৌরিচৌরা (d) আমেদাবাদ
56. ইন্ডিগো কমিশন কত সালে তৈরি হয়?
(a) 1750 (b) 1859 (c) 1860 (d) 1861
57. ফোর্ট উইলিয়াম কলেজ কে বানায়?
(a) ওয়ারেন হেস্টিংস (b) লর্ড ওয়েলেসলি (c) লর্ড বেন্টিংক (d) লর্ড কর্নওয়ালিশ
58. সুপ্রিম কোর্ট যখন ভারতে তৈরি হয় তখন ভারতের গভর্নর জেনারেল কে ছিল?
(a) ওয়ারেন হেস্টিংস (b) লর্ড ওয়েলেসলি (c) লর্ড বেন্টিঙ্ক (d) লর্ড কর্নওয়ালিশ
59. কোন গভর্নর জেনারেল প্রথম ইস্ট ইন্ডিয়া কোম্পানিতে ক্লার্ক এর কাজে নিযুক্ত ছিল?
(a) লর্ড কর্নওয়ালিশ (b) লর্ড ওয়েলেসলি (c) ওয়ারেন হেস্টিংস (d) লর্ড ক্যানিং
60. কার সুপারিশে ভারতে প্রথম জমিদারি প্রথা চালু হয়?
(a) জন শোর (b) জন মার্শাল (c) উইলিয়াম বেন্টিঙ্ক (d) লর্ড কর্নওয়ালিশ
61. ভক্তি আন্দোলনের অন্যতম সাধক শংকরা আচারিয়া কোন নদীর তীরে সন্ন্যাস গ্রহণ করেন?
(a) যমুনা (b) কাবেরী (c) নর্মদা (d) গোদাবরী
62. হোমরুল আন্দোলন পৃথিবীতে কোথায় শুরু হয়?
(a) আয়ারল্যান্ড (b) জাপান (c) রাশিয়া (d) আমেরিকা
63. বালগঙ্গাধর তিলক হোমরুল আন্দোলন ভারতের প্রথম কোথায় চালু করেন?
(a) মাদ্রাজ (b) কলকাতা (c) পুনে (d) মহারাষ্ট্র
64. প্রথম গোলটেবিল বৈঠকের সময় ভারতের ভাইসরয় কে ছিলেন?
(a) ওয়ানে হেস্টিংস (b) লর্ড আরউইন (c) লর্ড কর্নওয়ালিশ (d) লর্ড ওয়েলেসলি
65. ভারতের প্রথম প্রথম ভাইসরয়ের নাম কী?
(a) লর্ড মাউন্টব্যাটেন (b) লর্ড ক্যানিং (c) লর্ড সাইমন (d) উইলিয়াম বেন্টিঙ্ক
66. শ্রীভাষ্য বইয়ের রচনা কে করেছিলেন?
(a) কবীর (b) শংকরাচার্য (c) রামানুজ (d) রামানন্দ
67. অ্যানি বেসান্ত কত সালে থিওসফিক্যাল সোসাইটির মেম্বার হন?
(a) 1889 (b) 1898 (c) 1907 (d) 1917
68. আবান আহির কোন আন্দোলনের সঙ্গে জড়িত?
(a) চৌরিচৌরা (b) চম্পারন সত্যাগ্রহ (c) খেদা আন্দোলন (d) আমেদাবাদের জুটমিল আন্দোলন
69. পরমহংস সমাজ কত সালে প্রতিষ্ঠিত হয়?

*এরপর এগারোর পাতায়*

# রাজ্যের ৭২৩৭ আসনে নার্সিংয়ের ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্সে ভর্তি

### পরীক্ষার ৩ সেট নমুনা প্রশ্নোত্তর

**প্রথম সেট**

1. 'Father of Genetics' কাকে বলা হয়?
(a) গ্রেগর জোহান মেন্ডেল (b) চার্লস ডারউইন (c) টমাস মর্গান (d) জেমস ওয়াটসন
2. 'ইউরিয়া স্টিবামাইন' হল:
(a) কালাজ্বরের ওষুধ (b) ম্যালেরিয়ার ওষুধ (c) ধনুষ্টঙ্কারের ওষুধ (d) ডেঙ্গুর ওষুধ
3. ফরমিক অ্যাসিডের সবচেয়ে বড় উৎস কী?
(a) পিঁপড়ে (b) কমলালেবু (c) তেঁতুল (d) মৌমাছি
4. 'প্লাজমোডিয়াম ভাইভ্যাক্স' কোন রোগের জীবাণুর নাম?
(a) টিউবারকিউলিসিস (b) ডেঙ্গু (c) ম্যালেরিয়া (d) পোলিও
5. হিউমারাস হাড়টি মানবশরীরে কোথায় থাকে?
(a) কোমরে (b) মাথায় (c) পায়ে (d) হাতে
6. চোখের প্রতিবিম্ব কোথায় সৃষ্টি হয়?
(a) রেটিনা (b) কর্নিয়া (c) পিউপিল (d) ফোভিয়া
7. রক্তের অ্যান্টি অ্যালার্জিক উপাদানটি হল:
(a) সায়ানোসিস (b) ইউসিনোফিল (c) ক্যারিস (d) ইউরোক্রোম
8. বিলিরুবিনের পরিমাণ বেড়ে গেলে কী ঘটবে?
(a) ডারমাটাইটিস (b) মেনিনজাইটিস (c) ওটিস (d) জন্ডিস
9. পোস্ত গাছের শুকনো ল্যাটেক্স থেকে কী পাওয়া যায়?
(a) ফরমালিন (b) মরফিন (c) কুইনাইন (d) ক্লোরোকুইন
10. একটি উপকারী ব্যাকটেরিয়া হল:
(a) ক্লস্ট্রিডিয়াম টিটেনি (b) ভিব্রিওকলেরি (c) ব্যাসিলাস অ্যানথ্রেসিস (d) ল্যাকটোব্যাসিলাস
11. জীবদেহের অনুভূতিবাহক কোষের নাম কী?
(a) নিউরন (b) মনোসাইট (c) এপিথেলিয়াম (d) অ্যাস্ট্রোসাইট
12. জেরপথ্যালমিয়া রোগের কারণ হল:
(a) ভিটামিন-সি-এর অভাব (b) ভিটামিন-এ-এর অভাব (c) জিঙ্কের অভাব (d) আয়োডিনের অভাব
13. এসটিএইচ (STH) হরমোনের সম্পূর্ণ নাম কী?
(a) সিক্রেটিন (b) সোমাটোট্রফিক (c) সোমাটোমেডিন (d) স্টিমুলেটিং
14. সূর্যালোক দ্বারা প্রভাবিত চলনকে বলা হয়:
(a) ফোটোন্যাস্টিক (b) কেমোন্যাস্টিক (c) হেলিওট্রপিক (d) সাইক্লোসিস
15. মানুষের শরীরে সঠিকভাবে রক্ততঞ্চনের জন্য কোন ভিটামিনের প্রয়োজন?
(a) ভিটামিন-বি (b) ভিটামিন-ডি (c) ভিটামিন-কে (d) ভিটামিন-এ
16. 'BMR' নিয়ন্ত্রণ করে কোন হরমোন?
(a) থাইরক্সিন (b) ইনসুলিন (c) ইস্টোজেন (d) গ্লুকাগন
17. অ্যালগির সঙ্গে যুক্ত বিদ্যাকে কী বলা হয়?
(a) ফাইকোলজি (b) সাইটোলজি (c) মাইকোলজি (d) পেডোলজি
18. হ্যালোফাইট জাতীয় গাছ কোন মাটিতে বৃদ্ধি পায়?
(a) লবণাক্ত মাটিতে (b) লাল মাটিতে (c) কালো মাটিতে (d) কাটা মাটিতে
19. হাইপারমেট্রোপিয়ায় ভুগছে এরকম কোনও মানুষ কোন জিনিস সঠিকভাবে দেখতে পায়না?
(a) কাছের জিনিস (b) দূরের জিনিস (c) ওপরের জিনিস (d) নীচের জিনিস
20. মানবদেহের মেরুদণ্ডের কতগুলি অস্থি টুকরো রয়েছে?
(a) 46টি (b) 23টি (c) 33টি (d) 26টি
21. কোন ধরনের গ্রুপকে 'সার্বিক গ্রহিতা' বলা হয়?
(a) বি (b) এ (c) ও (d) এবি
22. শরীরের কোন অংশ বায়ুমণ্ডল থেকে সরাসরি অক্সিজেন নেয়?
(a) ল্যারিংস (b) কর্নিয়া (c) ক্যাপিলারিস (d) ইনকাস
23. জীবকোষের বংশগতির ধারক ও বাহক হল:
(a) সেন্ট্রোজোম (b) ক্রোমোজোম (c) হরমোন (d) নিউরোন
24. জীববিজ্ঞানের প্রথম প্রবক্তা কে?
(a) ডারউইন (b) ইউক্লিড (c) গ্যালিলিও (d) অ্যারিস্টটল
25. মানুষের দেহের মাইটোকনড্রিয়া কোন কাজে সাহায্য করে:
(a) ফ্যাট সংশ্লেষে (b) শক্তি উৎপাদনে (c) খাদ্য হজমে (d) প্রোটিন উৎপাদনে
26. ভারতের প্রথম সুপার কম্পিউটারের নাম কী ছিল?
(a) পরম (b) প্রত্যুষ (c) মিহির (d) বিজয়
27. 'ফিলজফিয়ে ন্যাচারালিস প্রিন্সিপিয়া ম্যাথামেটিকা' বইটির লেখক কে?
(a) স্যার আইজ্যাক নিউটন (b) আলবার্ট আইনস্টাইন (c) স্যার জোসেফ টমসন (d) এনরিকো ফার্মি
28. নীচের কোনটি বিদ্যুৎ শক্তি থেকে শব্দ শক্তিতে রূপান্তরিত হয়?
(a) দেওয়াল ঘড়ি (b) কলিং বেল (c) টেবিল ফ্যান (d) ডায়নামো
29. নীচের কোনটি ভেক্টর রাশি?
(a) দৈর্ঘ্য (b) সরণ (c) দূরত্ব (d) দ্রুতি
30. প্রেসার কুকারের ভেতরে কোনটি বেশি থাকার জন্য তাড়াতাড়ি রান্না হয়?
(a) চাপ (b) তাপ (c) গতি (d) জল
31. ঘড়ির কাঁটার গতি হল:
(a) চলন গতি (b) ঘূর্ণন গতি (c) পরম গতি (d) কোনওটিই নয়
32. বজ্রপাতের সময় বাতাসের $O_2$ ও $N_2$ পরস্পর যুক্ত হয়ে কী উৎপন্ন হয়?
(a) $NO_2$ (b) NO (c) $O_2N_2$ (d) $N_2O$
33. অচিরাচরিত শক্তির প্রধান উৎস কোনটি?
(a) সৌর (b) জল (c) বায়ু (d) পরমাণু
34. একটি বাতাসপূর্ণ বুদবুদকে জলের নীচে উজ্জ্বল দেখাবার কারণ হল:
(a) টোটাল ইন্টারন্যাল রিফ্লেকশন (b) রিফ্রাকশন (c) ডিফ্যাকসন (d) রেডিয়েশন
35. ধনাত্মক আধানযুক্ত রশ্মি কোনটি?

*এরপর তেরোর পাতায়*

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

(a) 1844 (b) 1848 (c) 1850 (d) 1856
70. 'The Quit India Movement' গ্রন্থের লেখক কে?
(a) অম্বাপ্রসাদ (b) জওহরলাল নেহরু (c) রমেশচন্দ্র মজুমদার (d) অরুণ চন্দ্র ভুঁইয়া
71. ওয়াভেল পরিকল্পনা কত সালে পেশ করা হয়েছিল?
(a) 1940 (b) 1942 (c) 1945 (d) 1946
72. অল ইন্ডিয়া ইউথ কংগ্রেসের প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(a) চিত্তরঞ্জন দাস (b) জওহরলাল নেহরু (c) মোতিলাল নেহরু (d) বল্লভভাই প্যাটেল
73. 'ইন্দুপ্রকাশ' পত্রিকার সম্পাদক কে ছিলেন?
(a) অরবিন্দ ঘোষ (b) সুরেন্দ্রনাথ ব্যানার্জি (c) লালা লাজপত রায় (d) ব্রহ্মবান্ধব উপাধ্যায়
74. রিভিলি পরিকল্পনার খসড়া কে তৈরি করেছিলেন?
(a) হিউম (b) অ্যাক্রুকজার (c) লর্ড কার্জন (d) রেভারেন্ড জেমস লঙ
75. বারদৌ সত্যাগ্রহ কে করেছিলেন?
(a) গান্ধীজি (b) জয়প্রকাশ নারায়ণ (c) বল্লভভাই প্যাটেল (d) দাদাভাই নৌরজি
76. নীচের কোন নদীতে বিনুনি প্রবাহ দেখা যায়?
(a) তিস্তা (b) তোর্সা (c) জলঢাকা (d) সবক'টি
77. কাড়বাঙে সরাইকেল্লার কাছে খরকাই নদী গর্ভে কী দেখা যায়?
(a) সোপান (b) কাসকেড (c) ক্যাটার্যাক্ট (d) পটহোল বা মন্থকূপ
78. বদ্রীনাথের কাছে অলিগঙ্গা উপত্যকা ——— উপত্যকার উদাহরণ।
(a) ঝুলন্ত (b) ঘর্ষণ (c) কর্তিত (d) কর্দমি
79. তামিল শব্দ 'কড়াল' এর অর্থ হল:
(a) টান (b) জোয়ার (c) জল (d) সমুদ্র
80. ষাঁড়াষাঁড়ির বান কোথায় পরিলক্ষিত হয়?
(a) হ্রদে (b) মন্দ নদিয়ায় (c) নদীর মোহনায় (d) নদীর উচ্চগতিতে
81. নাসিকের কাছে কোন কাঁক অবস্থিত?
(a) রামঘাট (b) পালঘাট (c) থলঘাট (d) বান্দঘাট
82. ভারতে কার্পাস গবেষণাগার রয়েছে কোন শহরে?
(a) পুনে (b) নাগপুর (c) বম্বে (d) অজন্তা
83. তিস্তা নদীর দৈর্ঘ্য কত কিলোমিটার?
(a) 411 (b) 419 (c) 490 (d) 517
84. সিকিমের লিচু ও লিচু নদীর মিলিত প্রবাহ হল:
(a) তিস্তা (b) তোর্সা (c) জলঢাকা (d) মহানন্দা
85. লিস, ঘিস, ধরলা ও করলা কার উপনদী?
(a) তিস্তা (b) তোর্সা (c) রায়ডাক (d) মহানন্দা
86. কোন শহরটি চিকেন্স নেক নামে পরিচিত?
(a) দিনহাটা (b) শিলিগুড়ি (c) আলিপুরদুয়ার (d) জলপাইগুড়ি
87. তোষা পাট কোন জলা জমিতে জন্মায়?
(a) নীচু (b) পাথুরে (c) কাঁকুরে (d) উঁচু
88. কোচবিহার জেলার হলদিবাড়ি, মাথাভাঙা, শীতলকুচি কী চাষের জন্য বিখ্যাত?
(a) চা (b) আখ (c) পান (d) তামাক
89. ভারতের সব থেকে পূর্বের জায়গা কোনটি?
(a) স্যার ক্যানাল (b) দিফু পাস (c) কিলিক ধাওয়ান (d) ইন্দিরা পয়েন্ট
90. ভারতের সব থেকে পশ্চিমের জায়গা কোনটি?
(a) স্যার ক্যানাল (b) দিফু পাস (c) ইন্দিরা পয়েন্ট (d) কিলিক ধাওয়ান
91. নীচের কোনটি শুষ্ক পাতাঝরা অরণ্য:
(a) পলাশ (b) মহুয়া (c) খয়ের (d) সবক'টি
92. হলং ও কালজানি কোন নদীর উপনদী?
(a) তোর্সা (b) রায়ডাক (c) সঙ্কোশ (d) জলঢাকা
93. পশ্চিমবঙ্গের কোন অংশে লু দেখা যায়?
(a) পূর্বাংশে (b) উত্তরাংশে (c) পশ্চিমাংশে (d) দক্ষিণ অংশে
94. হিংলো, টুমনি এবং কুনুর কোন নদীর উপনদী?
(a) অজয় (b) দ্বারকা (c) শিলাই (d) দ্বারকেশ্বর
95. বিড়াই, আড়কুশা, হোরিংপুর কোন নদীর উপনদী?
(a) অজয় (b) রূপনারায়ণ (c) ময়ূরাক্ষী (d) বক্রেশ্বর
96. ইন্দিরা পয়েন্টটি নিরক্ষরেখা থেকে কতদূরে অবস্থিত?
(a) 273 কিমি (b) 412 কিমি (c) 636 কিমি (d) 876 কিমি
97. ভুটান সীমান্তের চুম্বি উপত্যকা কোন নদীর উৎসস্থল?
(a) তোর্সা (b) বালাসন (c) মেচি (d) করকাই
98. মুরগাভানি ন্যাশনাল পার্ক কোন রাজ্যে অবস্থিত?
(a) কর্নাটক (b) অন্ধ্রপ্রদেশ (c) তামিলনাড়ু (d) ছত্তিশগড়
99. তিস্তা, জলঢাকা, তোর্সা, রায়ডাক, সংকোশ, মহানন্দা নদীগুলিকে বলে:
(a) অনুবর্তী নদী (b) পরবর্তী নদী (c) পূর্ববর্তী নদী (d) সমবর্তী নদী
100. ছত্তিশগড়ের দক্ষিণের অংশ —— অঞ্চল নামে পরিচিত।
(a) রেওয়া (b) কেওয়া (c) বুন্দেলখণ্ড (d) দণ্ডকারণ্য
101. ভারতের প্ল্যানিং কমিশন সর্বপ্রথম কোন পরিকল্পনাকালে বিকেন্দ্রীকৃত পরিকল্পনা চালু করেন?
(a) ষষ্ঠ (b) দশম (c) দ্বাদশ (d) কোনওটিই নয়
102. কততম সংবিধান সংশোধনীতে সিকিম ভারতের রাজ্য হিসেবে বিবেচিত হয়?
(a) 36তম (b) 38তম (c) 40তম (d) 39তম
103. বর্তমানে ভারতে ক'টি কেন্দ্রশাসিত অঞ্চল আছে?
(a) 5টি (b) 6টি (c) 7টি (d) 8টি
104. সংবিধানের কোন ধারায় বলা হয়েছে যে আইন ছাড়া কোনপ্রকার কর আরোপ বা সংগ্রহ করা যায় না?
(a) 265 (b) 266 (c) 300 (d) 366
105. নীচের কোন রাজ্যটি সেভেন সিস্টারের সদস্য?
(a) অসম (b) মেঘালয় (c) ত্রিপুরা (d) সিকিম
106. 25 নম্বর অনুচ্ছেদে হিন্দু হিসেবে কাদের অন্তর্ভুক্ত করা হয়নি?
(a) বৌদ্ধ (b) জৈন (c) শিখ (d) পার্শি
107. পারমাণবিক শক্তি দপ্তর কোন মন্ত্রকের অধীন?
(a) প্রধানমন্ত্রী (b) প্রতিরক্ষা (c) শক্তিমন্ত্রক (d) বিজ্ঞান এবং প্রযুক্তি
108. কোন বছর মৌলিক কর্তব্য সংবিধানে অন্তর্ভুক্ত করা হল:
(a) 1976 (b) 1977 (c) 1978 (d) 1979
109. কেন্দ্রীয় জন কৃত্যক কমিশন কে নিয়োগ করেন?
(a) সাংসদ (b) রাষ্ট্রপতি (c) প্রধান বিচারপতি (d) সিলেকশন কমিটি
110. জাতীয় ভোটার দিবস কবে পালন করা হয়?
(a) 24 জানুয়ারি (b) 25 জানুয়ারি (c) 26 জানুয়ারি (d) 27 জানুয়ারি
111. 'A Foreign Policy of India' কার লেখা?
(a) আই কে গুজরাল (b) আদবানী (c) টয়নবি (d) বি জি দেশমুখ
112. লিবারহান কমিশন কীসের জন্য গঠিত হয়?
(a) পশুখাদ্য কেলেঙ্কারি (b) বাবরি মসজিদ ধ্বংসে (c) সংখ্যালঘু সংরক্ষণ (d) প্রশাসনিক ট্রাইবুনাল

*এরপর বারোর পাতায়*


**CHITTARANJAN NATIONAL CANCER INSTITUTE**
**37, S.P. Mukherjee Road, Kolkata - 700 026**

Advt. No.N/001/2021

Director, CNCI, Kolkata invites applications through online mode for filling up the following posts for the Hospital of the Institute:

| Sl. No. | Name of Post & Pay Level as per 7th CPC | Number of post & Category | Age Limit | Mode of Recruitment |
|---|---|---|---|---|
| 1. | Medical Physicist (Radiotherapy) (Level-10) | 3 (UR) | Not exceeding 35 years | Direct Recruitment |
| 2. | Deputy Medical Superintendent (Level-11) | 1 (UR) | Not exceeding 40 years | Direct Recruitment |
| 3. | Engineer (Biomedical) (Level-10) | 1 (UR) | Not exceeding 40 years | Direct Recruitment |

Interested candidates may visit the website **http://cnciexam.com** for online application from **19.08.2021 to 18.09.2021**

Director

**ON LINE MBA, BBA, BA, B Com, MA, M Com, BCA, MCA**
FROM
**GOVT. UNIVERSITIES (AICTE / UGC RECOGNISED)**

**Earning with Learning + 2yrs JOB Experiences**

**B.Com with Apprenticeship / Internship on JOB Training. From 2nd Year with Salary ₹8,000/- per month - ₹12,000/- per month**

**Diploma in CYBER SECURITY**
**Diploma in ARTIFICIAL INTELLIGENCE + MACHINE LEARNING (Duration - 6 months)**
**Job Support after Course**
**Salary - 4 Lakh - 12 Lakh per annum**

**Certificate in DIGITAL MARKETING / GST / Computer Accounting**

For Details Contact : G. E. CENTER (Howrah • Hooghly • Durgapur • Guwahati)
**8335877777 / 9007170572 / 8017888245**

adda247
A Unit of banker's adda
CAREER POWER™
AN IIT/IIM ALUMNI COMPANY

**RISHRA (HOOGHLY) ● DURGAPUR**

**25271 VACANCY IN CENTRAL FORCE (GR-8)**
**৬ কেন্দ্রীয় বাহিনীতে ২৫,২৭১ কনস্টেবল ও রাইফেলম্যান**
Fresh Batch Class from 22nd August, 2021

**IBPS (Clerk + PO)**
Fresh Batch Class from 22nd August, 2021

**SSC (CGL / CHSL / MTS)**
Fresh Batch Class from 22nd August, 2021

**RAIL (NTPC / GROUP-D)**
Fresh Batch Class from 22nd August, 2021

**IP MAT (ADMMISSION TO IIM)**
Fresh Batch Class from 22nd August, 2021

**Fresh Batch Available for WBCS - Online + Offline**

**IAS - Online 2years course**
Preliminary - Paper I & Paper II
Mains - Paper I, II, III & IV, Compulsory English
